# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 09, 1433 Bangla, June 23, 2026, Tuesday, No. 168, 56th year

# H I G H L I G H T S

Bangladesh Prime Minister is now in China in an official visit after concluding his two-day state visit to Malaysia. [R. Today: 22]

Prime Minister Tarique Rahman has urged his Malaysian counterpart to reopen country's labour market for Bangladeshi workers as soon as possible. [BBC: 03]

Bangladesh and Malaysia have declared joint statement to strengthen cooperation in new areas including trade --- Signed one MoU and exchanged two instruments after holding bilateral talks. [BBC: 03; R. Today: 22]

Home Minister has said, government has decided to deploy army in 6 districts marking Awami League's founding anniversary to prevent any acts of sabotage. [R. Today: 24]

Information and Broadcasting Minister has said, government has taken different steps to prevent spreading of rumor and misinformation. [Jago FM: 19]

Education Minister has informed that government will recruit 50,000 teachers for primary schools within next three months. [BBC: 07]

Religious Affairs Ministry has issued show-cause notices to four Hajj agencies for failing to provide proof of completion of sacrifing animals during this year's Hajj. [Jago FM: 13]

Bangladesh Bank has decided to appoint administrators to refund small depositors of five Non-Bank financial institutions. [DW: 11]

British Prime Minister Keir Starmer has announced his resignation accepting his party's decision. [BBC: 08]

Mediators from Pakistan and Qatar has said, U.S. and Iran made encouraging progress on ceasefire agreement. [BBC: 25]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ০৯, বাংলা ১৪৩৩, জুন ২৩, ২০২৬, মঙ্গলবার, নং-১৬৮, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান মালয়েশিয়ায় তাঁর দুই দিনের রাষ্ট্রীয় সফর শেষে এখন সরকারি সফরে চীনে রয়েছেন ।
[রে. টুডে: ২২]

বাংলাদেশ থেকে আরও শ্রমিক নিয়োগ ও দ্রুত শ্রমবাজার উন্মুক্ত করতে মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর প্রতি বাংলাদেশের প্রধানমন্ত্রীর আহ্বান। [বিবিসি: ০৩]

বাণিজ্য ও জ্বালানিসহ নতুন ক্ষেত্রগুলো জোরদারে বাংলাদেশ ও মালয়েশিয়ার যৌথ বিবৃতি প্রকাশ --- একটি সমঝোতা স্মারক স্বাক্ষর ও দুইটি দ্বি-পাক্ষিক দলিল বিনিময়। [বিবিসি: ০৩; রে. টুডে: ২২]

আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে নাশকতামূলক কর্মকাণ্ড প্রতিরোধে সরকার ৬টি জেলায় সেনাবাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নিয়েছে, বলেছেন স্বরাষ্ট্রমন্ত্রী। [রে. টুডে: ২৪]

তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেছেন, গুজব ও অপতথ্য ছড়ানো রোধে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে সরকার।
[জাগো এফএম: ১৯]

আগামী তিন মাসের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫০ হাজার শিক্ষক নিয়োগ দেওয়ার কথা জানালেন শিক্ষামন্ত্রী।
[বিবিসি: ০৭]

২০২৬ সালের হজে কোরবানি সম্পন্ন করার প্রমাণ দাখিল করতে ব্যর্থ হওয়ায় চারটি হজ এজেন্সিকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। [জাগো এফএম: ১৩]

ব্যাংকবহির্ভূত পাঁচটি আর্থিক প্রতিষ্ঠানে ক্ষুদ্র আমানতকারীদের টাকা ফেরত দেওয়ার জন্য প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ব্যাংক। [ডয়চে ভেলে: ১১]

দলের সিদ্ধান্ত মেনে নিয়ে পদত্যাগের ঘোষণা দিয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার। [বিবিসি: ০৮]

যুদ্ধবিরতি চুক্তিতে যুক্তরাষ্ট্র ও ইরান উৎসাহব্যঞ্জক অগ্রগতি করেছে বলে জানিয়েছে মধ্যস্থতাকারী কাতার ও পাকিস্তান ।
[বিবিসি: ২৫]

# বিবিসি

## শ্রমবাজার, হালাল শিল্প, ইসলামি অর্থনীতি; তারেক রহমানের মালয়েশিয়া সফরে যা যা হলো

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের মালয়েশিয়া সফরে বাংলাদেশ থেকে আরও শ্রমিক নিয়োগ ও দ্রুত শ্রমবাজার খুলে দেওয়া ছাড়াও দুই দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তির আলোচনা এগিয়ে নেওয়ার বিষয়টি গুরুত্ব পেয়েছে। এই সফরে বাংলাদেশ রিজিওনাল কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ বা আরসিইপি-তে যোগ দেওয়ার আগ্রহ প্রকাশ করেছে। সংস্কৃতি বিষয়ে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের পাশাপাশি দুই দেশের পক্ষ থেকে রোহিঙ্গাদের নিরাপদ ও টেকসই প্রত্যাবর্তন, অভিবাসী শ্রমিকদের সুরক্ষা এবং দুই দেশের দ্বিপক্ষীয় অর্থনৈতিক সহযোগিতা আরও জোরদারের বিষয়ে আবারও অঙ্গীকার ব্যক্ত করেছে বাংলাদেশ ও মালয়েশিয়া। নয়টি বিষয়ে দুই দেশের সম্মতিতে হওয়া যৌথ বিবৃতিতে বিশ্ববিদ্যালয় শিক্ষা পর্যায়ে সহযোগিতা বাড়ানো, ডিজিটাল অর্থনীতি, কৃত্রিম বুদ্ধিমত্তা ও সেমি-কন্ডাক্টর খাতে সহযোগিতা জোরদারের পাশাপাশি 'বৈশ্বিক ইসলামি অর্থনীতির, সম্ভাবনাকে বিবেচনায় নিয়ে 'হালাল শিল্পে' সহযোগিতা বাড়াতে দুই প্রধানমন্ত্রী সম্মত হয়েছেন উল্লেখ করা হয়েছে। "আমি প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমকে আরও বেশি বাংলাদেশি শ্রমিক নিয়োগ এবং একইসঙ্গে যত দ্রুত সম্ভব শ্রমবাজার খুলে দেওয়ার বিষয়ে অনুরোধ করেছি। আমি অনিয়মিত (ইরেগুলার) শ্রমিকদের নিয়মিতকরণ, আটক বাংলাদেশিদের দেশে পাঠানোর ইস্যুও তুলে ধরেছি,„ প্রধানমন্ত্রী তারেক রহমান যৌথ সংবাদ সম্মেলনে বলেছেন। এসময় তিনি জানান, মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর সাথে বৈঠকে তারা একমত হয়েছেন যে, শ্রমিক নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছ, ন্যায্য ও সাশ্রয়ী হওয়া উচিত, যাতে মধ্যস্বত্বভোগীদের সম্পৃক্ততা হ্রাস পায় এবং শ্রমিকদের নিয়োগ-সংক্রান্ত খরচ কমে আসে। এর আগে, সোমবার স্থানীয় সময় সকাল সাড়ে ৯টায় মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর কার্যালয় 'পেরদানা পুত্রা' ভবনে দুই নেতা একান্ত বৈঠক করেন বলে জানিয়েছে প্রধানমন্ত্রীর প্রেস উইং ও সরকারি সংবাদ সংস্থা বাসস। দুই দেশের আনুষ্ঠানিক বৈঠকে নেতৃত্ব দেন দুই প্রধানমন্ত্রী। আনুষ্ঠানিক বৈঠকের আগে প্রধানমন্ত্রী ও তার স্ত্রীকে পেরদানা পুত্রা ভবনে স্বাগত জানান মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম ও তার স্ত্রী ড. ওয়ান আজিজাহ ওয়ান ইসমাইল। এরপর বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান ও তার স্ত্রী জুবাইদা রহমানকে মালয়েশিয়ার সশস্ত্র বাহিনীর একটি সুসজ্জিত দল গার্ড অব অনার প্রদান করেন। প্রধানমন্ত্রী তারেক রহমান গার্ড পরিদর্শন করেন।

মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের আমন্ত্রণে রোববার প্রধানমন্ত্রী তারেক রহমান তার প্রথম বিদেশ সফরে মালয়েশিয়ায় পৌঁছান। গত ১৭ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর এটাই তার প্রথম বিদেশ সফর। আজই তিনি কুয়ালালামপুর থেকে চীনের বেইজিং যাবেন। ওদিকে সফরের শেষ পর্যায়ে বাংলাদেশের প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন কুয়ালালামপুরে এক সংবাদ সম্মেলনে বলেছেন, "মাত্র ১৮ ঘণ্টার সংক্ষিপ্ত কিন্তু ফলপ্রসূ এই সফরে যে আলোচনা, সমঝোতা ও পারস্পারিক সহযোগিতার সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তা আগামী দিনে দুই দেশের জন্য বহুমাত্রিক সম্ভাবনার নতুন দ্বার উন্মোচন করবে।„ তিনি জানান, সফরে সংস্কৃতি বিষয়ে একটি সমঝোতা স্মারক ছাড়াও বিনিয়োগ বৃদ্ধি ও সন্ত্রাস দমনে দুটি নোট বিনিময় করা হয়েছে।

**সংবাদ সম্মেলনে যা বললেন তারেক রহমান**

প্রধানমন্ত্রী তারেক রহমান যৌথ সংবাদ সম্মেলনে বলেছেন, সফরে তিনি বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও শক্তিশালী করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেছেন। "বিদ্যমান প্রাতিষ্ঠানিক ব্যবস্থার অংশ হিসেবে যৌথ কমিশন সভা এবং দুই দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দ্বিপাক্ষিক পরামর্শ, সহযোগিতা বাড়াতে সম্মত হয়েছি। আমরা দ্বিপাক্ষিক বাণিজ্যের বৃদ্ধি স্বাগত জানাই এবং বাংলাদেশ-মালয়েশিয়া মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) নিয়ে আলোচনাকে এগিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি,„ বলেছেন মি. রহমান। তিনি জানান, তাদের আলোচনা আইসিটি, জ্বালানি, অবকাঠামো, জনশক্তি, হালাল শিল্প, কৃষি-প্রক্রিয়াজাতকরণ, শিক্ষা, দক্ষতা উন্নয়ন, প্রতিরক্ষা, ডিজিটাল অর্থনীতি, সেমি-কন্ডাক্টর এবং অন্যান্য উচ্চ-মূল্যবান খাতসহ বিভিন্ন বিষয়ে বিস্তৃত ছিল। বাংলাদেশ থেকে আরও শ্রমিক নিয়োগ ও যত দ্রুত সম্ভব শ্রমবাজার উন্মুক্ত করতে আহ্বান জানিয়েছেন উল্লেখ করে তিনি বলেন, আমি অনিয়মিত শ্রমিকদের বৈধকরণ এবং আটক বাংলাদেশিদের, সম্ভব হলে, প্রত্যাবাসনের বিষয়েও আলোচনা করেছি। আমরা একমত হয়েছি যে নিয়োগ প্রক্রিয়া স্বচ্ছ, ন্যায্য ও সাশ্রয়ী হওয়া উচিত, যাতে মধ্যস্বত্বভোগীদের ভূমিকা কমে এবং শ্রমিকদের ব্যয় হ্রাস পায়।„ প্রধানমন্ত্রী বলেন, তিনি বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গা জনগোষ্ঠী নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং তাদের নিরাপদ, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনে মালয়েশিয়ার অব্যাহত সমর্থনের জন্য ধন্যবাদ জানিয়েছেন। "আমরা আঞ্চলিক সহযোগিতাও আলোচনা করেছি। বাংলাদেশ আসিয়ানের সেক্টরাল ডায়ালগ পার্টনার হওয়ার আকাঙ্ক্ষা প্রকাশ করেছে। আমরা রিজিওনাল কম্প্রিহিনসিভ ইকনমিক পার্টনারশিপ (আরসিইপি)তে যোগদানের আগ্রহও প্রকাশ করেছি,„ বলেছেন তারেক রহমান। তিনি প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম এবং তার সহধর্মিণীকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের জন্য আমন্ত্রণ জানিয়েছেন বলেও সংবাদ সম্মেলনে জানান। "আজকের আলোচনা বাংলাদেশ-মালয়েশিয়া সম্পর্কের একটি নতুন অধ্যায়ের সূচনা করবে। আমরা অভিন্ন সমৃদ্ধি, আঞ্চলিক শান্তি

এবং আরও অন্তর্ভুক্তিমূলক আন্তর্জাতিক ব্যবস্থার জন্য ঘনিষ্ঠভাবে কাজ করার প্রত্যাশা করছি,„ বলেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী।

**যৌথ বিবৃতিতে যা যা গুরুত্ব পেল**

বাংলাদেশ ও মালয়েশিয়ার প্রধানমন্ত্রীদের একান্ত ও দ্বিপাক্ষিক বৈঠকের পর দু-দেশের পক্ষ থেকে যৌথ বিবৃতি প্রকাশ করা হয়েছে। ৩৩-দফার এই বিবৃতিতে রাজনৈতিক সহযোগিতা, বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা, হালাল শিল্প, ডিজিটাল অর্থনীতি, কৃত্রিম বুদ্ধিমত্তা ও সেমি-কন্ডাক্টর, শ্রম সহযোগিতা, শিক্ষা ও পর্যটন সহযোগিতা, জ্বালানি সহযোগিতা, প্রতিরক্ষা ও নিরাপত্তা সহযোগিতা এবং আঞ্চলিক ও বহুপাক্ষিক সহযোগিতার বিষয়গুলো তুলে ধরা হয়েছে। এই বিবৃতিতে বলা হয়েছে, দুই নেতা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বিষয়গুলোতে যোগাযোগ অব্যাহত রাখার গুরুত্ব তুলে ধরেন। তারা বিদ্যমান প্রাতিষ্ঠানিক ব্যবস্থার আওতায় নিয়মিত সংলাপের গুরুত্ব স্বীকার করেন এবং দীর্ঘদিন ধরে স্থগিত থাকা যৌথ কমিশন সভা (জেসিএম) ও দ্বিপাক্ষিক কনসালটেশন দ্রুত আবার শুরু করতে সম্মত হয়েছেন। ”তারা মালয়েশিয়া-বাংলাদেশ মুক্ত বাণিজ্য চুক্তি (এমবিএফটিএ) নিয়ে আলোচনার অগ্রগতিকে স্বাগত জানান এবং ২০২৭ সালের মধ্যে একটি পারস্পরিক লাভজনক, আধুনিক ও বিস্তৃত চুক্তি সম্পন্ন করার লক্ষ্যে কাজ করার অঙ্গীকার করেন।„ ”দুই প্রধানমন্ত্রী মালয়েশিয়া-বাংলাদেশ জয়েন্ট বিজনেস কাউন্সিল (জেবিসি) প্রতিষ্ঠার অগ্রগতিকে স্বাগত জানান। এটি দুই দেশের বেসরকারি খাতের মধ্যে সংলাপ ও সহযোগিতার প্রধান প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে,„ বিবৃতিতে বলা হয়। সফরে দুই দেশের আলোচনায় হালাল শিল্প বিষয়টি গুরুত্ব পেয়েছে, যা দুই দেশের যৌথ বিবৃতিতেও উঠে এসেছে। এ প্রসঙ্গে ওই বিবৃতিতে বলা হয়, ”দুই নেতা বৈশ্বিক ইসলামি অর্থনীতির বিশাল বাণিজ্যিক সম্ভাবনা স্বীকার করেন এবং বাংলাদেশের হালাল খাতের উন্নয়নে মালয়েশিয়ার অভিজ্ঞতা কাজে লাগাতে সম্মত হন। তারা হালাল ইকোসিস্টেম বিষয়ে সহযোগিতা সংক্রান্ত নোট বিনিময়কে স্বাগত জানান এবং হালাল সনদ, নিয়ন্ত্রক কাঠামো উন্নয়ন, গবেষণা, উদ্ভাবন, প্রশিক্ষণ ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে সহযোগিতা জোরদার করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।„ যৌথ বিবৃতিতে বলা হয়, দুই নেতা জনগণের মধ্যে যোগাযোগ বাড়ানোর গুরুত্ব তুলে ধরেন এবং মালয়েশিয়ার উন্নয়নে বাংলাদেশি কর্মীদের অবদানের প্রশংসা করেন। ”মালয়েশিয়া বাংলাদেশের শ্রমিক নিয়োগ সংক্রান্ত প্রস্তাব বিবেচনার কথা জানায়। নতুন বিদেশি শ্রমিক কোটা অনুমোদন নিয়োগকর্তার চাহিদা ও খাতভিত্তিক সীমার ওপর নির্ভর করবে বলে উল্লেখ করা হয়। অনুমোদিত কোটার ক্ষেত্রে স্বচ্ছ, ন্যায্য ও প্রতিযোগিতামূলক নিয়োগ প্রক্রিয়া নিশ্চিত করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করা হয়।„ ”উভয় দেশ জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের বৈঠক আহ্বান করতে সম্মত হয়, যা বাংলাদেশি শ্রমিকদের নিরাপদ ও পারস্পরিকভাবে লাভজনক অভিবাসন নিশ্চিত করবে এবং বিদ্যমান সমঝোতা স্মারক পর্যালোচনা করে নতুন সমঝোতা স্মারক প্রণয়নের ভিত্তি তৈরি করবে,„ যৌথ বিবৃতিতে বলা হয়।

এছাড়া যৌথ বিবৃতি অনুযায়ী, দুই নেতা কৃত্রিম বুদ্ধিমত্তা, ডিজিটাল অর্থনীতি, ফিনটেক, ডিজিটাল গভর্ন্যান্স, সাইবার নিরাপত্তা ও অন্যান্য বিকাশমান প্রযুক্তিতে সহযোগিতা জোরদারে সম্মত হন। ”মালয়েশিয়ার সেমি-কন্ডাক্টর প্যাকেজিং, টেস্টিং ও আউটসোর্সড সেমি-কন্ডাক্টর অ্যাসেম্বলি অ্যান্ড টেস্ট (ওএসএটি) খাতে শক্তিশালী অবস্থান এবং বাংলাদেশের দ্রুত বিকাশমান আইটি ও প্রকৌশল খাতকে সংযুক্ত করার বিষয়ে দুই নেতা একমত হন। বাংলাদেশ যৌথ দক্ষতা উন্নয়ন কর্মসূচির প্রস্তাব দেয়, যার মাধ্যমে প্রকৌশল স্নাতকদের প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন করা হবে,„ বিবৃতিতে বলা হয়েছে। মালয়েশিয়ায় অধ্যয়নরত প্রায় এগার হাজার শিক্ষার্থীর অবদানের কথা উল্লেখ করে যৌথ বিবৃতিতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়-টু-বিশ্ববিদ্যালয় অংশীদারিত্ব, যৌথ গবেষণা এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা খাতে সহযোগিতা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন দুই প্রধানমন্ত্রী। বাংলাদেশের প্রধানমন্ত্রী বঙ্গোপসাগরে তেল ও গ্যাস অনুসন্ধান, কয়লা ও চুনাপাথরের মতো খনিজ সম্পদ উত্তোলন এবং নবায়নযোগ্য জ্বালানি খাতে বিনিয়োগের জন্য মালয়েশিয়ার কোম্পানিগুলোকে আমন্ত্রণ জানিয়েছেন বলে যৌথ বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। বিবৃতিতে বলা হয়, মালয়েশিয়া আঞ্চলিক বিস্তৃত অর্থনৈতিক অংশীদারত্ব (আরসিইপি)তে বাংলাদেশের যোগদানের আকাঙ্ক্ষাকে সমর্থন জানায় এবং বৈশ্বিক সংস্থাগুলোতে একযোগে কাজ করার অঙ্গীকার করেছে দুই দেশ।

(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

## ইলিশের উৎপাদন ও ওজন দুটোই কমছে, কারণ কী

বাংলাদেশে প্রায় দুই দশক একনাগাড়ে ইলিশের উৎপাদন বৃদ্ধির পর হুট করেই গত তিন বছর ধরে ইলিশের উৎপাদন ক্রমাগত কমার পাশাপাশি মাছটির গড় ওজনও কমতে শুরু করেছে, যা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে গবেষকদের মধ্যে। ফলে ইলিশের উৎপাদন বাড়ানোর জন্য গত ছয় বছর মেয়াদি যে প্রকল্প ২০২০ সালে নিয়েছিল মৎস্য অধিদপ্তর, সেটি কার্যত ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। চলতি জুনে ওই প্রকল্পের মেয়াদ শেষের আগেই তাই নতুন প্রকল্প নেওয়ার প্রস্তুতি চলছে সরকারি পর্যায়ে। অথচ ২০১৮ সালে বাংলাদেশের কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা মাছটির পূর্ণাঙ্গ জীবন রহস্য উন্মোচনের কৃতিত্ব অর্জনের পর আশা করা হয়েছিল যে, বাংলাদেশে ইলিশের সংরক্ষণ, উৎপাদন ও গুণগত মানের

ক্ষেত্রে বড়ো অগ্রগতি অর্জিত হবে। কিন্তু এর বদলে মাছটির উৎপাদন কমতে শুরু করার বিষয়টি স্বীকার করেছেন মৎস্য অধিদপ্তরের ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প পরিচালক মোল্লা এমদাদুল্যাহ। বিবিসি বাংলাকে তিনি জানিয়েছেন, ২০২১ সাল পর্যন্ত দুই দশকে যেভাবে ইলিশের উৎপাদন বাড়ছিল নানা কারণে সেটি ধরে রাখেই এখন চ্যালেঞ্জের মুখে পড়েছে। ইলিশ গবেষক ও মৎস্য বিজ্ঞান ইন্সটিটিউটের সাবেক পরিচালক ড. আনিসুর রহমান বলছেন, ”বড়ো ইলিশ আসতে শুরু করেছিল। সেখানে কেন হুট করে উৎপাদন ও ওজন কমতে শুরু করলো, সেটি চিহ্নিত করা জরুরি। বাজারে ছোটো ইলিশ বাড়ছে, বড়ো ইলিশ কমছে- এটি ইলিশের পপুলেশনের জন্যও বিপজ্জনক।„ প্রসঙ্গত, বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউটের তথ্যানুযায়ী, দেশের মোট মৎস্য উৎপাদনের প্রায় ১২ শতাংশ আসে ইলিশ থেকে। এছাড়া পৃথিবীর মোট ইলিশের প্রায় ৬০ ভাগ উৎপন্ন হয় বাংলাদেশে। এখন বিশ্বে উৎপাদিত মোট ইলিশের প্রায় ৭০ থেকে ৮০ শতাংশই বাংলাদেশে হয় বলে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় দাবি করে থাকে। তারপরেও হুট করে কেন বাংলাদেশে ইলিশের উৎপাদন এবং একই সাথে মাছটির ওজন কমছে, সেই প্রশ্ন এখন বড়ো হয়ে উঠছে।

**উৎপাদন পরিস্থিতি কেমন**

মৎস্য অধিদপ্তরের দেওয়া তথ্য অনুযায়ী, ২০০২-০৩ সময়ে দেশে ইলিশের উৎপাদন ছিল ১ লাখ ৯৯ হাজার মেট্রিক টন এবং এরপর থেকে গড়ে প্রতিবছরই ইলিশের উৎপাদন বাড়ছিল। ”প্রজনন মৌসুমে ইলিশ ধরা বন্ধ রাখাসহ কিছু পদক্ষেপ কার্যকর করার কারণে উৎপাদন ক্রমাগত বাড়ছিল। কিন্তু সেটি হোঁচট খেতে শুরু করেছে ২০২২-২৩ অর্থবছর থেকে,„ বিবিসি বাংলাকে বলেছেন মোল্লা এমদাদুল্যাহ। যার প্রভাবে ইলিশের দামও গত দু-বছর ধরে বেশ বাড়তির দিকে। গত সপ্তাহে একজন ক্রেতা চাঁদপুরের আড়তে ৯০০-৯৫০ গ্রাম ওজনের ইলিশ কেজি প্রতি প্রায় সাড়ে তিন হাজার টাকা দাম দিয়ে কেনার তথ্য দিয়েছেন। ঢাকার কারওয়ানবাজারে ৮০০/৯০০ গ্রাম ইলিশের কেজি প্রতি দাম চাওয়া হচ্ছে গড়ে দুই হাজার টাকার বেশি। কর্মকর্তারা বলছেন, ২০২২-২৩ অর্থবছরে ৫ লাখ ৭১ হাজার মেট্রিক টন ইলিশ উৎপাদন হয়েছিল। পরের বছর ২০২৩-২৪ সময়ে উৎপাদন হয় ৫ লাখ ২৯ হাজার মেট্রিক টন আর ২০২৪-২৫ অর্থ বছরে উৎপাদন হয়েছে ৫ লাখ ৪ হাজার মেট্রিক টন। ২০২৫-২৬ অর্থবছরের আনুষ্ঠানিক হিসেব না পাওয়া গেলেও কর্মকর্তারা যে ধারণা দিয়েছেন, তাতে উৎপাদন হয়েছে ৫ লাখ টনেরও কম। আবার বড়ো সাইজের ইলিশ মাঝে মাঝে পাওয়া গেলেও এখন কম ওজনের ইলিশ বেশি আসছে বলে জানিয়েছেন ইলিশসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প পরিচালক মোল্লা এমদাদুল্যাহ। তার মতে, ”ইলিশের জীবনচক্রে তাকে নদী থেকে সাগরে যেতেই হয়। ধারণা করি, সাগর মোহনায় ধরা পড়ে যাওয়ার কারণে নদী থেকে সাগরে যাওয়ার প্রবণতা কমেছে।„

**উৎপাদন ও ওজন কমছে কেন**

ইলিশ বিষয়ক কর্মকর্তা ও বিশেষজ্ঞদের মতে, অক্টোবরে ডিম ছাড়ার পর ৬/৭ মাস ইলিশ মাছ নদীতে থাকে। এরপর নদীর পানি ঘোলা হয়ে যাওয়ার কারণে এপ্রিলের শেষে বা মে মাসের প্রথম সপ্তাহ সাগরে চলে যায়। বাংলাদেশের ইলিশের প্রধান বিচরণ এলাকা হলো- চাঁদপুর সদর ও হাইমচর, মুন্সিগঞ্জের লৌহজং থেকে জাজিরা পর্যন্ত পদ্মা নদীতে, মেহেন্দীগঞ্জের গজারিয়া নদী, বরিশাল ও বরগুনার কিছু নদী আর ভোলায় তেতুলিয়া নদী অঞ্চলে। এসব অঞ্চল থেকেই ইলিশ দক্ষিণাঞ্চল হয়ে সাগরের দিকে চলে যায়। প্রচুর জাটকা ধরা আর অবৈধভাবে মাছ ধরার কারণে ইলিশ সংকটাপন্ন হয়ে পড়ার প্রেক্ষাপটে ২০০০ সালের দিক থেকে নানামুখী পদক্ষেপ নিতে শুরু করে কর্তৃপক্ষ। পরে এর অংশ হিসেবেই ২০১৫ সাল থেকে প্রতিবছর ২০শে মে থেকে ২৩শে জুলাই পর্যন্ত বঙ্গোপসাগরে মাছ ধরায় নিষেধাজ্ঞা জারি করে আসছিল সরকার। গত বছর থেকে এই নিষেধাজ্ঞার নতুন সময়সীমা নির্ধারণ করা হয় ১৫ এপ্রিল থেকে ১১ জুন। তবে বিশেষজ্ঞরা বলছেন, একদিকে নদীতে কারেন্ট জাল দিয়ে ছোটো ইলিশ ধরা হচ্ছে আবার সাগরে বাণিজ্যিক ট্রলারগুলোর বিরুদ্ধে ব্যাপকহারে ৪০ মিটারের কম গভীরতায় এসে ছোটো ইলিশ ধরার অভিযোগ পাওয়া যাচ্ছে। ”নদী থেকে সাগরে যাওয়ার সময় মোহনায় ধরা হচ্ছে ছোটো ইলিশ। আবার সাগরে অবৈধভাবে অতিরিক্ত মাছ ধরা হচ্ছে। ফলে ছোটো মাছগুলো রেহাই পাচ্ছে না। এছাড়া দূষণের কারণে নদী ও সাগরে ইলিশ উৎপাদন ব্যাহত হচ্ছে,„ বলছিলেন মোল্লা এমদাদুল্যাহ। তার মতে, ”নদীর নাব্যতার সংকট ও দূষণের কারণেই প্রধানত ইলিশের উৎপাদন কমেছে। ”চর পরে মাইগ্রেশন রুট ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রজনন ক্ষেত্র ও নার্সারি গ্রাউন্ডও ক্ষতিগ্রস্ত হয়েছে। যার প্রভাব দেখা যাচ্ছে উৎপাদন ও ওজনে।„ প্রসঙ্গত, ইলিশের অভয়াশ্রম আছে দেশে পাঁচটি। এর দুটি হলো পদ্মা ও মেঘনায়। আর একটি করে হলো তেতুলিয়া, গজারিয়া ও কালাবদর নদীতে। আর কলাপাড়ায় আন্ধারমানিক নদীতে একটি অভয়াশ্রম থাকলেও, সেটি আর কার্যকর নেই।

এদিকে, সাগরে বাণিজ্যিক ট্রলারগুলো অবাধে ছোটো ইলিশ ধরছে বলে অভিযোগ পাওয়ার প্রেক্ষাপটে সাগরকে কেন্দ্র করে নতুন একটি প্রকল্প নেওয়ার চিন্তা চলছে বলে জানিয়েছেন মোল্লা এমদাদুল্যাহ। ”তারপরেও চলমান সংকট হতে উত্তরণে কয়েক বছর সময় লাগতে পারে। তবে সাগরে অতিরিক্ত ট্রলার নিয়ন্ত্রণ করে মজুত বাড়ানোর পদক্ষেপ নিতেই হবে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এখন বাংলাদেশ, মিয়ানমার ও ভারত উপকূলের ইলিশ নিয়ে গবেষণা করছে। সেই প্রকল্পে গবেষক হিসেবে কাজ করছেন ড. আনিসুর রহমান। ”যেভাবে উৎপাদন ও

ওজন কমছে, তা শঙ্কার বিষয়। গবেষণা করে নিশ্চিত হওয়া দরকার, কেন ইলিশের উৎপাদন ও ওজন কমছে। তবে জাটকা বড়ো হওয়ার সুযোগ না দিলে বড়ো মাছ পাওয়া যাবে কীভাবে। পরপর দু-বছর এমন হলেই উৎপাদনে ধস নামে। আবার মিঠা পানির দিকে লবণাক্ত পানি ধেয়ে আসা এবং পানি প্রবাহের ঘাটতিও উৎপাদন কমিয়ে দিতে পারে,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। মোল্লা এমদাদুল্যাহ ও ড. আনিসুর রহমান- উভয়ই বলছেন, ইলিশ সুরক্ষায় নদী ও সাগরে নজরদারি আরও বাড়ানো জরুরি হয়ে পড়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## হাসানুল হক ইনুর বিরুদ্ধে করা মানবতাবিরোধী অপরাধ মামলার রায় ৩০ জুন

জুলাই গণ-অভ্যুত্থানের সময় কুষ্টিয়ায় ছয়জনকে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক মন্ত্রী হাসানুল হক ইনুর বিরুদ্ধে আগামী ৩০ জুন রায় ঘোষণা করা হবে। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ রায়ের এই দিন নির্ধারণ করেছে। উল্লেখ্য, ২০২৪ সালের জুলাইয়ে গণ-অভ্যুত্থান চলার সময়ে কুষ্টিয়ার ছয়জন নিহতের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় তার বিরুদ্ধে উসকানি, ষড়যন্ত্র, প্ররোচনার আটটি অভিযোগ আনা হয়েছে। ওই বছরের ২৬ আগস্ট রাজধানীর উত্তরা থেকে মি. ইনুকে গ্রেফতার করা হয়। জাসদ নেতা হাসানুল হক ইনু শেখ হাসিনার মন্ত্রিসভায় তথ্যমন্ত্রী ছিলেন।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

## ১৩ দিন চিকিৎসাধীন থাকার পর মারা গেছেন চলন্ত মোটরসাইকেলে ইটের আঘাতে আহত রাফি

রাজধানীর মিরপুরের পূর্ব শেওড়াপাড়ায় দুর্বৃত্তের ছোঁড়া ইটের আঘাতে আহত মোটরসাইকেল আরোহী সাজিদ চৌধুরী রাফি চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের আইসিইউতে ১৩ দিন ধরে চিকিৎসাধীন অবস্থায় সোমবার ভোরে মি. চৌধুরী মারা গেছেন। কাফরুল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সাজ্জাদ হোসেন বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। উল্লেখ্য, গত ৯ জুন রাতে মোটরসাইকেলে করে বাড়ি ফিরছিলেন তিনি। পূর্ব শেওড়াপাড়া বাসস্ট্যান্ডের আগে ইব্রাহিমপুরে তার চলন্ত মোটরসাইকেলে ইট ছোঁড়া হয়। ওই ঘটনার একটি সিসিটিভি ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। কাফরুল থানার ওসি মি. হোসেন জানান, ওই ঘটনার পর কাফরুল থানায় একটি হত্যাচেষ্টার মামলা করা হয়। তিনজন গ্রেফতার রয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

## সাধারণ নির্বাচনের দাবি তুলছে রিফর্ম পার্টি

রিফর্ম পার্টির নেতা নাইজেল ফারাজ ”যত দ্রুত সম্ভব„ সাধারণ নির্বাচনের দাবি তুলছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ (সাবেক টুইটার) শেয়ার করা একটি নিবন্ধে, ফারাজ স্টারমারকে যুক্তরাজ্যের ইতিহাসের ”সবচেয়ে অযোগ্য প্রধানমন্ত্রী„ বলে আখ্যায়িত করেছেন। তিনি দাবি করেন যে, ”রাজনৈতিক শ্রেণি„ ভোটারদের সাথে আর এভাবে বিশ্বাসঘাতকতা চালিয়ে যেতে পারে না। লেবার পার্টি যে তাদের ক্ষমতায় আনা সাধারণ মানুষকে ঠকিয়েছে, তার উদাহরণ হিসেবে তিনি উইন্টার ফুয়েল পেমেন্ট (শীতকালীন জ্বালানি ভাতা) বাতিল করার সিদ্ধান্ত থেকে ইউ-টার্ন নেওয়া, অভিবাসনের উচ্চ হার এবং শ্যাগোস্ দ্বীপপুঞ্জ চুক্তি স্থগিত করার মতো বিষয়গুলো তুলে ধরেন। তিনি আরও বলেন, অ্যান্ডি বার্নহ্যাম যদি লেবার পার্টির নতুন নেতা হন, তবে তা হবে স্টারমারের নীতিগুলোরই একটি ধারাবাহিকতা মাত্র।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

## সংসদে 'মবোক্রেসি' শব্দ বলা নিয়ে বিতর্ক, শব্দটি অশ্লীল নয় বলেন স্পিকার

জাতীয় সংসদের বাজেট প্রতিক্রিয়ায় জামায়াতে ইসলামীর মিছিল ও প্রতিবাদকে একজন নারী সংসদ সদস্য `মবোক্রেসি, বলায় অধিবেশনে বিতর্ক সৃষ্টি হয়েছে। সোমবার ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশনে একজন নারী সদস্য এমন মন্তব্য করেছেন। তার করা মন্তব্যের প্রতিবাদ জানিয়ে মবোক্রেসি শব্দটিকে এক্সপাঞ্জ করার দাবি জানিয়েছেন জামায়াতে ইসলামীর সংসদ সদস্য রাশেদুল ইসলাম। তিনি বলেন, ”মাননীয় সংসদ সদস্য যথেষ্ট সুন্দর বক্তব্য দিয়েছেন। কিন্তু উনি ওনার বক্তব্যের মাঝে কথা প্রসঙ্গে বলেছেন যে, বাজেট প্রতিক্রিয়ায় জামায়াতে ইসলামী যে মিছিল করেছে, প্রতিবাদ করেছে, সেটাকে তিনি মবোক্রেসি বলেছেন, আমি এই শব্দটিকে আপনার মাধ্যমে এক্সপাঞ্জ করার অনুরোধ জানাচ্ছি।„ এ সময় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন, এটি কোনো অশ্লীল শব্দ নয়। ”মাননীয় সদস্য, এটা কোনো অশ্লীল শব্দ না। আপনার যখন বাজেটে বলার টার্ন আসবে, তখন এটার ভালোভাবে জবাব দেবেন। এখন এটা এক্সপাঞ্জ করার মতো কোনো কিছুই না,„ বলেন মি. আহমদ। এরপরই বিরোধী দলীয় নেতা শফিকুর রহমানও এই শব্দটির অর্থ ভালো নয় উল্লেখ করে এক্সপাঞ্জ করার দাবি জানান। মি. রহমান বলেন, ”আসলে মবোক্রেসি শব্দটা কোনো ভালো মিনিং ক্যারি করে না। ডেফিনেটলি এটা একটা অবজেকশনেবল শব্দ এবং আমার ধারণা তিনি খেয়াল করলে এটা বলতেন না। বেখেয়ালে বলে ফেলেছেন।„ অতীতেও এমন প্রতিবাদ হয়েছে উল্লেখ করে সেইসব প্রতিবাদও মবোক্রেসি কিনা এমন প্রশ্ন তোলেন বিরোধী দলীয় নেতা। তিনি বলেন, ”কারণ এই ধরনের বাজেটের প্রতিক্রিয়া আমরাই করিনি প্রথম, এর আগে সেভারেল টাইমস আমরাও করেছি, বিএনপিও করেছে, অনেকেই

করেছে। তাইলে কি সবকিছুই মবোক্রেসি ছিল? আমার মনে হয় যে, এই শব্দটা এখানে বেমানান এবং এটা এক্সপাঞ্জ করাই উচিত।„ মি. রহমানের বক্তব্যের পরে আবারও স্পিকার বলেন, এই শব্দটি অশ্লীল কোনো শব্দ নয়। ”মাননীয় সদস্য মবোক্রেসি এখন একটা কমন টার্ম হয়ে গেছে। সবার বক্তৃতাতেই এটা শোনা যায়। তো এটা কোনো অশ্লীল শব্দ না। মবোক্রেসি এটা অসংসদীয় কোনো কিছু বলে আমি মনে করি না। আপনারাও এই বক্তব্য ইউজ করতে পারেন। রাজনীতিতে এটা নিন্দনীয়, ডেমোক্রেসির বিরুদ্ধে, কিন্তু এটা এখনো অশ্লীল একটা শব্দ না।„
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## প্রথমবারের মতো শাহজালাল মাজারে প্রকাশ্যে দানের টাকা গণনা

সিলেটের শাহজালাল মাজারে দান বাক্সে জমা পড়া টাকা প্রথমবারের মতো প্রকাশ্যে গণনা করা হয়েছে। সোমবার দুপুর আড়াইটা থেকে একটি দানবাক্স ও তিনটি দানের ডেগ খুলে প্রকাশ্যে টাকা গণনা শুরু হয়। এই মাজারের দানবাক্স ও ডেগগুলো থেকে পাওয়া যায় ১৭ লাখ ৬৪ হাজার ৫৪৯ টাকা। এছাড়া মাজারে দানের জন্য যে বড়ো পাতিলে সাত গ্রাম স্বর্ণ পাওয়া গেছে। শাহজালাল ও শাহপরাণ মাজারে কয়েকটি দানবাক্স বা দানের ডেগ থাকলেও সেখানে কী পরিমাণ দান জমা পড়ে, সেই অর্থ কোথায় বা কীভাবে ব্যয় হয়, সেসব বিষয়ে সুনির্দিষ্ট কোনো তথ্য ছিল না। সম্প্রতি জেলা প্রশাসনের একটি বৈঠকে এই বিষয়টি উঠে আসে। এরপর গত বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় জেলা প্রশাসনের পক্ষ থেকে মাজারে এই তিনটি দানের ডেগ সিলগালা করা হয়। সেই সাথে জেলা প্রশাসন থেকেও একটি দানবাক্স স্থাপন করা হয়। তবে এ নিয়ে মাজারের খাদেমসহ স্থানীয় অনেকে বিরূপ প্রতিক্রিয়া দেখান। এর কয়েকদিনের মধ্যেই জেলা প্রশাসককে বদলির নির্দেশও আসে। এর মধ্যেই আজ সোমবার বিদায়ি জেলা প্রশাসকের উপস্থিতিতে সিলগালাগুলো খুলে দেওয়া হয়। এসব ডেগে ও দানবাক্সে গত চারদিন ধরে জমা পড়া টাকা বের করে স্থানীয়দের উপস্থিতিতে গণনা শেষে ওই অর্থ ও গহনা পাওয়া যায়। পরে এসব টাকা জেলা প্রশাসন ও ওয়াকফ কমিটির যৌথ নামে একটি ব্যাংক হিসাবে রাখা হয়েছে। ভবিষ্যতে এই অর্থ মাজার সংশ্লিষ্ট ব্যবস্থাপনা ও উন্নয়নে ব্যয় হবে বলে এর আগে জানানো হয়েছিল। (বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## নাশকতার আশঙ্কায় ছয় জেলায় সেনা মোতায়েনের সিদ্ধান্ত সরকারের

কার্যক্রম নিষিদ্ধ দল আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীকে ঘিরে নাশকতার আশঙ্কায় দেশের ছয়টি জেলায় সেনাবাহিনী মোতায়েনের সিদ্ধান্ত হয়েছে। সোমবার থেকেই সেনা মোতায়েন করা হবে। এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপনও জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সোমবার থেকে ৩০ জুন, এই নয়দিনের জন্য সেনা মোতায়েনের সিদ্ধান্ত হয়েছে। যে ছয় জেলায় সেনা মোতায়েন করা হবে সেগুলো হলো : ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ, চট্টগ্রাম, ফরিদপুর। সোমবার দুপুরে সচিবালয়ে এক ব্রিফিং-এ স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, ”আজ থেকেই সেনা মোতায়েন হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়নি, কিন্তু শৃঙ্খলা বাহিনী হিসেবে আমাদের সবসময় সতর্ক থাকতে হয়। কার্যক্রম নিষিদ্ধ মাফিয়া বাহিনী আওয়ামী লীগের কিছু অপতৎপরতা লক্ষ্য করা যাচ্ছে, বিভিন্ন ডিস্ট্রিক্টে আমরা দেখছি, তারা কিছু মিছিল-মিটিং করার মতো কিছু কার্যক্রম হাতে নিয়েছে দুয়েকটা জায়গায়।„ ”তাতে করে আমাদের মনে হয়েছে, তারা হয়ত একটা অস্থিরতা সৃষ্টির পাঁয়তারা করলেও করতে পারে। এই বিবেচনায় আমরা আমাদের সমস্ত বাহিনীগুলোকে সতর্ক থাকার জন্য নির্দেশনা দিয়েছি, যা তারা সবসময়ই থাকে। তার বাইরে আমরা আজকে থেকে ৩০ তারিখ পর্যন্ত আমাদের সেনা সদস্যদেরকে ইন এইড টু সিভিল পাওয়ার, আমরা আইন মোতাবেক ঢাকা মেট্রো, চট্টগ্রাম মেট্রো, নারায়ণগঞ্জ, গাজীপুর মেট্রো এবং এর বাইরে দুইটি জেলা তাতে আমরা ডেপ্লয় করেছি। যাতে যে-কোনো রকমের অপতৎপরতা এড্রেস করা যায়,„ বলেন মি. আহমেদ। স্বরাষ্ট্রমন্ত্রী জানান, ৫ আগস্টের পরে গত দুই বছর সারাদেশে সেনা বাহিনী মোতায়েন ছিল। পরে গত ১৫ জুন সারাদেশ থেকে সেনাবাহিনীকে প্রত্যাহার করা হয়েছে। এখন কেবলমাত্র কয়েকটি জায়গায় সেনা মোতায়েন করা হচ্ছে।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

## নাচ-গানের নামে বিয়েতে খরচ কমাতে বললেন সংসদ সদস্য শাহাদাত হোসেন

বিয়ের অনুষ্ঠানে অতিথি নিয়ন্ত্রণ আইন কার্যকর করলে দেশে মুদ্রাস্ফীতির পরিমাণ কমে আসবে বলে জাতীয় সংসদে মন্তব্য করেছেন লক্ষীপুর-১ আসনের সংসদ সদস্য শাহাদাত হোসেন। ত্রয়োদশ জাতীয় সংসদের অধিবেশনে সোমবার এই আহ্বান জানিয়েছেন তিনি। ”আমাদের এ বাংলাদেশে বিয়ে অনুষ্ঠানের নামে বিত্ত-বৈভবের যে অশ্লীল প্রদর্শনী, এটাকে বন্ধ করতে হবে মাননীয় স্পিকার। সাতদিন, আটদিন, দশদিন একমাস আগে থেকে ক্যারিওগ্রাফার দিয়ে নৃত্য করে, আপনার এই গায়ে হলুদ অনুষ্ঠানে। এটা ধর্মের সাথে সাংঘর্ষিক„ বলেন মি. হোসেন। বিয়ের অতিরিক্ত খরচ বন্ধ করার আহ্বান জানিয়ে অতিথি নিয়ন্ত্রণ আইন কার্যকর করার দাবি জানান তিনি। মি. হোসেন বলেন, ”এটাকে বন্ধ করতে হবে। অতীতে যে অতিথি নিয়ন্ত্রণ আইন ছিল, এই আইনটাকে কার্যকর করতে হবে। আপনি দেখবেন মাননীয় স্পিকার, যদি অতিথি নিয়ন্ত্রণ আইন কার্যকর করা যায়, যদি আমরা ধর্মীয় অনুশাসন মেনে চলি, তাহলে মুদ্রাস্ফীতির পরিমাণ কমে আসবে। একদিনে বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম অন্তত ১০ পারসেন্ট কমে আসবে।„ প্রধানমন্ত্রী তারেক রহমান অত্যন্ত মিতব্যয়ী, অপচয় পছন্দ করেন না বলেও উল্লেখ করেন তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## তিন মাসের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫০ হাজার শিক্ষক নিয়োগ দেওয়া হবে : শিক্ষামন্ত্রী

আগামী তিন মাসের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ ৫০ হাজার শিক্ষক নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এ কথা বলেন তিনি। শিক্ষামন্ত্রী বলেন, "তিন মাসে আমরা ৫০ হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগ দিতে পারবো। আমরা এনটিআরসির মাধ্যমে যেই সমস্ত শিক্ষকরা একেক জেলা থেকে অন্য জেলায় এসে কাজ করছেন এবং কষ্ট করছেন তাদেরকেও অটোমেশন ট্রান্সফারের ব্যবস্থা আমরা করবো।„ (বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## ঢাকায় চার দশমিক চার মাত্রার ভূমিকম্প অনুভূত

রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে চার দশমিক চার মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। সোমবার রাত ৮টা ২৮ মিনিটে ঢাকায় কম্পন অনুভূত হয়। যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক গবেষণা সংস্থা ইউএসজিএস এ এই তথ্য উল্লেখ করা হয়েছে। এতে বলা হয়েছে, নরসিংদী থেকে ১০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে এর উৎপত্তিস্থল। ভূপৃষ্ঠের ১০ কি. মি. গভীরে এর উ'পত্তিস্থল। এছাড়া, ভারতের ন্যাশনাল সেন্টার ফর সিসমোলোজিতে বলা হয়েছে, চার মাত্রার ভূমিকম্প অনুভূত হয়েছে। ভূপৃষ্ঠ থেকে ১৬ কিলোমিটার গভীরে এর উৎপত্তিস্থল।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## সমাবেশ ও বিক্ষোভ কর্মসূচি দিয়েছে জামায়াত-এনসিপির ১১ দলীয়

দেশে গুম, খুন ও গণহত্যার বিচার দ্রুত করা, বিরোধী দলের ওপর নির্যাতন বন্ধ এবং দেশবিরোধী ষড়যন্ত্রের প্রতিবাদে বিক্ষোভ, সমাবেশের দুইদিনের কর্মসূচি ঘোষণা করেছে জামায়াতে ইসলামীসহ ১১ দলীয় জোট। সোমবার জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। ১১ দলীয় ঐক্যের সমন্বয়ক ও জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল এ এইচ এম হামিদুর রহমান আযাদ বলেন, "জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থান চলাকালে শত শত মানুষ শহিদ হয়েছেন এবং হাজার হাজার মানুষ আহত ও পঙ্গু হয়েছেন। কিন্তু সেসব ঘটনার বিচারে দৃশ্যমান অগ্রগতি নেই।„ একইসঙ্গে, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি ও আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির প্রতিবাদে আগামীকাল মঙ্গলবার বিকেল ৫টায় রাজধানীর বিজয় নগরে ১১ দলীয় জোটের শীর্ষ নেতাদের উপস্থিতিতে সমাবেশ অনুষ্ঠিত হবে বলে ঘোষণা দেন মি. আযাদ। এছাড়া, আগামী ৪ জুলাই দেশব্যাপী সকল জেলায় বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হবে বলে ঘোষণা দেওয়া হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## চট্টগ্রামের ভূজপুর আঁধারমানিক সীমান্ত থেকে এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি

চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার ভূজপুর সীমান্তের আঁধারমানিক এলাকা থেকে পুটন মোল্লা নামের একজন ভারতীয় নাগরিককে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ। সোমবার বিজিবির রামগড় ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মো. আহসান উল ইসলামের পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানা গেছে। এতে বলা হয়েছে, সোমবার আনুমানিক দুপুর দেড়টার দিকে রামগড় ব্যাটালিয়নের একটি টহল দল স্থানীয় জনগণের সহযোগিতায় সীমান্তবর্তী উত্তর আঁধারমানিক এলাকা থেকে অবৈধভাবে বাংলাদেশে অনুপ্রবেশকারী এক ভারতীয় নাগরিককে আটক করে। ১৯ বছর বয়সি আটক ব্যক্তির নাম পুটন মোল্লা। তিনি ভারতের দক্ষিণ ত্রিপুরার সাবরুম থানার রামেন্দ্রনগর গ্রামের বাসিন্দা বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। এ ঘটনায় আটক ভারতীয় নাগরিকের বিরুদ্ধে মামলা দায়েরের প্রস্তুতি চলছে এবং প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণের জন্য ভূজপুর থানায় হস্তান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানিয়েছে বিজিবি।(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## লেবার পার্টির সংসদ সদস্যদের তুমুল হাততালির মধ্যে অ্যান্ডি বার্নহামের শপথ গ্রহণ

হাউস অফ কমন্সে প্রবেশের সময় অ্যান্ডি বার্নহামকে লেবার পার্টির সংসদ সদস্যদের বেঞ্চ থেকে ব্যাপক হাততালির মাধ্যমে স্বাগত জানানো হয়। এসএনপির নতুন সংসদ সদস্য লারা বার্ড এবং কনজারভেটিভ পার্টির নতুন সংসদ সদস্য ডগলাস লামসডেনের পর তিনি শপথ গ্রহণ করেন। হাউস অফ কমন্সের কক্ষের ভেতর দিয়ে এগিয়ে যাওয়ার সময় তিনি কয়েকবার মাথা নত করে অভিবাদনের উত্তর দেন এবং সমর্থক সংসদ সদস্যদের শুভেচ্ছার জবাবে হাসিমুখে সাড়া দেন। পরে মেকারফিল্ডের সংসদ সদস্য হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণের সময় হাউস অফ কমন্সের স্পিকার লিন্ডসে হোয়েলের সাথে সৌহার্দ্যপূর্ণ আলাপচারিতায় অংশ নেন মি. বার্নহাম।

(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

## অ্যান্ডি বার্নহ্যাম কি নতুন প্রধানমন্ত্রী হতে চলেছেন?

লেবার পার্টির জন্য ঠিক এই বিষয়টি নিয়ে আলোচনা করার মতো কিছুটা সুযোগ এখন তৈরি হয়েছে। স্টারমার ঘোষণা করেছেন যে, তার উত্তরসূরি নির্বাচনের জন্য আগামী দুই সপ্তাহের মধ্যে (ফোর্টনাইট) মনোনয়ন প্রক্রিয়া শুরু হবে। তাহলে কি কোনো প্রতিদ্বন্দ্বিতা ছাড়াই কেউ সরাসরি জয়ী হতে যাচ্ছেন? লেবার পার্টির ক্রমবর্ধমান সংখ্যক এমপি অন্তত তেমনই মনে করছেন। আর এই দৌঁড়ে সবচেয়ে ফেভারিট বা এগিয়ে আছেন অ্যান্ডি বার্নহ্যাম। তার বিরুদ্ধে

আসলে অন্য কেউ কেনই-বা দাঁড়াতে যাবেন? ওয়েস স্ট্রিটিং অবশ্য আগে বলেছিলেন যে, তিনি নির্বাচনে দাঁড়াবেন। তবে মজার ব্যাপার হলো, তার ঘনিষ্ঠ কয়েকজনও এখন স্বীকার করছেন যে, তিনি হয়ত শেষ পর্যন্ত না-ও দাঁড়াতে পারেন। এর বদলে বার্নহ্যাম কি তাকে কোনো বড়ো পদের প্রস্তাব দিতে পারেন? তবে বর্তমান যে সময়সূচি রয়েছে, তাতে অন্য কারও এই নির্বাচনি লড়াইয়ে নামার সম্ভাবনা কিন্তু এখনো উড়িয়ে দেওয়া যাচ্ছে না। তবে সব হিসাব-নিকাশ কিন্তু এখন অ্যান্ডি বার্নহ্যামের দিকেই ইঙ্গিত করছে যে, তিনিই খুব শীঘ্রই প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

## কবে ব্রিটেনে নতুন প্রধানমন্ত্রী নিশ্চিত হবে?

কিয়ের স্টারমার বলেছেন, তিনি লেবার পার্টির ন্যাশনাল এক্সিকিউটিভ কমিটির কাছে অনুরোধ করবেন, যাতে আগামী ৯ জুলাই দলের নতুন নেতা নির্বাচনের জন্য মনোনয়ন প্রক্রিয়া শুরু করা হয়। তিনি জানান, এটি এক সপ্তাহ পর, ১৬ জুলাইয়ের মধ্যে অর্থাৎ "সংসদের গ্রীষ্মকালীন অবকাশের (সামার রিসেস) আগেই„ সম্পন্ন করা হবে। তিনি বলেন, যদি প্রতিদ্বন্দ্বিতা হয়, তবে এই সময়সূচি নিশ্চিত করবে যে, পহেলা সেপ্টেম্বর গ্রীষ্মকালীন ছুটি কাটিয়ে সংসদ পুনরায় চালু হওয়ার আগেই নতুন নেতা তাঁর দায়িত্ব বুঝে নিয়েছেন। পরবর্তী লেবার নেতা কে হবেন, তা নিয়ে প্রতিদ্বন্দ্বিতা হবে কি না, তা এখনো স্পষ্ট নয়। উদাহরণস্বরূপ, ৯ জুলাই যখন প্রতিযোগিতা শুরু হবে, তখন যদি অ্যান্ডি বার্নহ্যাম কোনো প্রতিদ্বন্দ্বিতা ছাড়াই নির্বাচনে দাঁড়ান, তবে মনোনয়ন প্রক্রিয়া শেষ হওয়ার পরপরই তিনি লেবার পার্টির নেতা হয়ে যেতে পারেন। যতক্ষণ না এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হচ্ছে, ততক্ষণ স্টারমার প্রধানমন্ত্রী হিসেবে বহাল থাকবেন।
(বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

## ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমারের পদত্যাগের ঘোষণা

ব্রিটিশ প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমার পদত্যাগের ঘোষণা দিয়েছেন। সেই সাথে লেবার পার্টির দলীয় প্রধানের পদ থেকেও তিনি পদত্যাগ করছেন। সোমবার লন্ডনে প্রধানমন্ত্রীর কার্যালয় ১০ নম্বর ডাউনিং স্ট্রিটে তিনি এই ঘোষণা দেন। স্টারমার বলেন, তার দল এখন যে প্রশ্নটি করছে তা হলো- আগামী সাধারণ নির্বাচনে নেতৃত্ব দেওয়ার জন্য তিনিই সবচেয়ে উপযুক্ত ব্যক্তি কি না। তিনি বলেন, এই প্রশ্নের বিষয়ে তিনি তার দলের "উত্তর শুনেছেন„ এবং "উদার মনে সেই উত্তর মেনে নিয়েছেন।„ তিনি জানান, তার নেওয়া প্রতিটি সিদ্ধান্তই ছিল "আমার ভালোবাসার দেশকে সবার আগে স্থান দেওয়ার„ বিষয়ে। "আমি লেবার পার্টির নেতা হিসেবে পদত্যাগ করব,„ তিনি বলেন। পদত্যাগের ঘোষণা দেওয়ার আগে স্টারমার বলেন, তিনি এমন এক লেবার পার্টি উত্তরাধিকার সূত্রে পেয়েছিলেন, যা ছিল রাজনৈতিকভাবে, আর্থিকভাবে এবং মানসিকভাবে দেউলিয়া। তিনি বলেন, তাকে "বারবার„ বলা হয়েছিল যে, এই দল "শেষ হয়ে গেছে,„ কিন্তু তিনি "সেই মানুষদের ভুল প্রমাণ করেছেন।„ তিনি বলেন, "ইহুদি-বিদ্বেষের (অ্যান্টি-সেমিটিজম) বিষ উপড়ে ফেলে„ তিনি দলটিকে পরিবর্তন করেছেন। তিনি আরও যোগ করেন, "(এর মাধ্যমে) অর্থনীতি, প্রতিরক্ষা এবং জাতীয় নিরাপত্তার ওপর আস্থা ফিরিয়ে আনা সম্ভব হয়েছে।„ (বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

## প্রধানমন্ত্রী পদে লড়াই করার ঘোষণা অ্যান্ডি বার্নহ্যামের

কিয়ের স্টারমারের পদত্যাগের বিষয়ে প্রতিক্রিয়া জানিয়ে অ্যান্ডি বার্নহ্যাম নিশ্চিত করেছেন যে তিনি প্রধানমন্ত্রী হিসেবে তার স্থলাভিষিক্ত হওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করবেন। সোশ্যাল মিডিয়ায় তিনি যা লিখেছেন তা হলো : "কিয়ের আমাদের দেশের জন্য বিশাল অবদান রেখেছেন এবং এই রকম একটি চ্যালেঞ্জিং সময়ে তার নেতৃত্ব ও নিষ্ঠার জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই। "তার এই সিদ্ধান্ত একটি অন্তর্বর্তীকালীন অধ্যায়ের (ট্রানজিশন) সূচনা করেছে এবং এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, এই প্রক্রিয়াটি যেন সুশৃঙ্খল ও দায়িত্বশীল উপায়ে সম্পন্ন হয়। আমি এই প্রক্রিয়ার অংশ হিসেবে নিজেকে উপস্থাপন করব।„ "দেশ এখন স্থিতিশীলতা, গুরুত্ব ও সবচেয়ে জরুরি বিষয়গুলোর ওপর ক্রমাগত মনোযোগ বজায় রাখার প্রত্যাশা করে এবং দেশ ঠিক সেটাই পাবে। আমরা যত সামনের দিকে এগিয়ে যাব, আমাদের অগ্রাধিকার হতে হবে সবাই মিলে একসাথে কাজ করা, যাতে দেশকে আমরা সবাই যে অবস্থানে দেখতে চাই, সেখানে ফিরিয়ে নিয়ে যাওয়া যায়। "মানুষ অর্থনৈতিক প্রবৃদ্ধি, জীবনযাত্রার ব্যয়, জনসেবা, আবাসন এবং আগামী প্রজন্মের সুযোগ-সুবিধার ক্ষেত্রে অগ্রগতি দেখতে চায়। মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করার যে দায়িত্ব, রাজনৈতিক পরিবর্তন যেন কখনোই তা থেকে মনোযোগ সরিয়ে না নেয়। "লেবার মুভমেন্ট (লেবার আন্দোলন) তখনই সবচেয়ে শক্তিশালী হয়েছে, যখন এটি আত্মবিশ্বাস ও সুনির্দিষ্ট উদ্দেশ্য নিয়ে সামনের দিকে তাকিয়েছে। "এখান থেকে আমরা ঠিক এই কাজটিই করব এবং আমরা নিশ্চিত করব, যেন এই অন্তর্বর্তীকালীন অধ্যায়টি আমাদের দল ও আমাদের দেশের জন্য একটি ইতিবাচক নবায়নের প্রক্রিয়া হয়ে ওঠে।„ (বিবিসি ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ নারগীস)

# রেডিও তেহরান

## পেন্টাগনের পদক্ষেপের জবাবে বড় ১০ মার্কিন প্রতিষ্ঠানের ওপর চীনের নিষেধাজ্ঞা

চীনের বেশ কিছু প্রতিষ্ঠানকে যুক্তরাষ্ট্র কালোতালিকাভুক্ত করার প্রতিক্রিয়ায় প্রতিরক্ষা ও বিরল খনিজ উত্তোলনের সঙ্গে জড়িত ১০টি মার্কিন প্রতিষ্ঠানের ওপর রপ্তানি নিয়ন্ত্রণ আরোপ করেছে বেইজিং। আজ সোমবার চীন সরকার এ নিষেধাজ্ঞার কথা জানিয়েছে। পার্সটুডে জানিয়েছে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বেইজিং সফরের এক মাস পর এ পদক্ষেপ এলো। সেই সফরে তিনি চীনের প্রেসিডেন্ট সি জিন পিংয়ের সঙ্গে আলোচনার মাধ্যমে দুই দেশের মধ্যকার উত্তেজনাপূর্ণ সম্পর্ক স্থিতিশীল করার চেষ্টা করেছিলেন। দুই দেশ শুল্ক কমানোর লক্ষ্যে কাজ করতে সম্মত হলেও প্রযুক্তি ও প্রতিরক্ষা খাতে একে অপরকে টেক্কা দেওয়ার প্রতিযোগিতা তাদের সম্পর্ককে নতুন পরীক্ষার মুখে ফেলেছে। চলতি মাসে ওয়াশিংটন ৮০টি কোম্পানি ও তাদের সহযোগী প্রতিষ্ঠান কালোতালিকাভুক্ত করেছে। যুক্তরাষ্ট্রের দাবি, এসব প্রতিষ্ঠান চীনা সামরিক বাহিনীকে সহায়তা করছিল। ওই তালিকায় প্রযুক্তি জায়ান্ট আলিবাবা এবং বাইদুর পাশাপাশি বৈদ্যুতিক গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান বিওয়াইডিকেও অন্তর্ভুক্ত করা হয়েছে। এ অবস্থায় বেইজিং যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে পাল্টা ব্যবস্থা নেওয়ার হুমকি দেয়। চীনের বাণিজ্য মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, মার্কিন সরকার তাদের তথাকথিত `চীনা সামরিক এন্টারপ্রাইজ তালিকায়, নাম যোগ করার মতো `অত্যন্ত আপত্তিকর কাজ, করেছে, যার `প্রতিক্রিয়া, হিসেবে এবং `জাতীয় নিরাপত্তা রক্ষার, স্বার্থে এই নতুন রপ্তানি নিয়ন্ত্রণ আরোপ করা হয়েছে। এই ১০টি প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে অ্যাভিওক্স, যার সঙ্গে মার্কিন সামরিক বাহিনীর মহাকাশ প্রতিরক্ষা চুক্তি রয়েছে এবং ওশকোশ ডিফেন্স, যা সামরিক যানবাহন তৈরি করে। এ ছাড়া এই তালিকায় মার্কিন বিরল খনিজ উৎপাদক প্রতিষ্ঠান এমপি মেটেরিয়ালস এবং ইউএসএ রেয়ার আর্থের নাম রয়েছে। চীনের বাণিজ্য মন্ত্রণালয় জানিয়েছে, তালিকাভুক্ত প্রতিষ্ঠানগুলোকে দ্বৈত ব্যবহারের (সামরিক ও বেসামরিক উভয় কাজে লাগে এমন) সামগ্রী সরবরাহ করা রপ্তানিকারকদের জন্য নিষিদ্ধ করা হয়েছে। সেই সঙ্গে `বর্তমানে চলমান যেকোনো প্রাসঙ্গিক রপ্তানি কার্যক্রম অবিলম্বে বন্ধ করতে হবে।, বিবৃতিতে আরও বলা হয়েছে, এই নিষেধাজ্ঞা `যে-কোনো দেশ বা অঞ্চলের এমন সংস্থা বা ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য হবে, যারা চীনে উৎপাদিত দ্বৈত ব্যবহারের সামগ্রী ওই তালিকাভুক্ত প্রতিষ্ঠানগুলোর কাছে স্থানান্তর বা সরবরাহ করবে।, একইসঙ্গে চীনের অর্থ মন্ত্রণালয় এক ঘোষণায় জানিয়েছে, সরকারি ক্রয়ের সঙ্গে জড়িত সংস্থাগুলোর জন্য ৪৬টি মার্কিন কোম্পানির তৈরি পণ্য কেনা নিষিদ্ধ করা হয়েছে। এর মধ্যে লকহিড মার্টিন, রেথিয়ন এবং বোয়িংয়ের প্রতিরক্ষা বিভাগ রয়েছে। (রেডিও তেহরান ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ আলী আহমেদ)

# এনএইচকে

## যুক্তরাষ্ট্র-ইরান আলোচনায় 'উৎসাহব্যঞ্জক অগ্রগতির' কথা জানালেন মধ্যস্থতাকারীরা

কাতার ও পাকিস্তান বলেছে যে, যুদ্ধবিরতি চুক্তির বিষয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে তাদের মধ্যস্থতায় হওয়া আলোচনায় ”উৎসাহব্যঞ্জক অগ্রগতি„ হয়েছে। একটি সমঝোতা স্মারকের অধীনে, যুক্তরাষ্ট্র ও ইরান ৬০ দিনের মধ্যে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছানোর লক্ষ্যে আলোচনা করতে সম্মত হয়েছে। সুইজারল্যান্ডের বুরগেনস্টকে রবিবার থেকে সোমবার পর্যন্ত উচ্চপর্যায়ের আলোচনার প্রথম পর্ব অনুষ্ঠিত হয়েছে। মধ্যস্থতাকারী দের একটি যৌথ বিবৃতিতে বলা হয়েছে যে , আলোচনাটি ”একটি ইতিবাচক ও গঠনমূলক পরিবেশে „ অনুষ্ঠিত হয়েছে। এতে আরও বলা হয় , পারমাণবিক সমস্যা এবং ইরানের ওপর আরোপিত নিষেধাজ্ঞার উপর মনোনিবেশ করা কর্মকর্তা পর্যায়ের গ্রুপগুলোকে নেতৃত্ব দেওয়ার জন্য একটি উচ্চ -পর্যায়ের কমিটি গঠনে সম্মত হয়েছে পক্ষগুলো। বিবৃতিতে বলা হয়েছে , কমিটি ”৬০ দিনের মধ্যে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছানোর জন্য একটি কর্মপরিকল্পনায় „ সম্মত হয়েছে। বিবৃতিতে বলা হয়েছে , কমিটি ”৬০ দিনের মধ্যে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছানোর জন্য একটি কর্মপরিকল্পনায় „ সম্মত হয়েছে। এতে আরও বলা হয়েছে , ”হরমুজ প্রণালি দিয়ে বাণিজ্যিক জাহাজগুলোর নিরাপদ চলাচল নিশ্চিত করার লক্ষ্যে দুর্ঘটনা ও ভুল বোঝাবুঝি এড়াতে „ একটি যোগাযোগ ব্যবস্থা স্থাপন করা হয়েছে। বিবৃতি অনুসারে , ”লেবাননে সামরিক অভিযান সমাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য„ ইরান ও যুক্তরাষ্ট্র লেবাননের সঙ্গে একটি 'সংঘাত নিরসন সেল' গঠন করতেও সম্মত হয়েছে। এতে বলা হয়েছে, এই সপ্তাহে সুইজারল্যান্ডে কারিগরি বিষয়গুলোর আলোচনা অব্যাহত থাকবে। সোমবার ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি সামাজিক যোগাযোগ মাধ্যমের এক পোস্টে বলেছেন, ”লেবানন যুদ্ধ অবসানে পাকিস্তান ও কাতারের অক্লান্ত মধ্যস্থতা বড়ো ধরনের অগ্রগতি এনেছে। „ তিনি আরও বলেন যে , ”তেল ও পেট্রোকেমিক্যাল রপ্তানি মওকুফ করা হয়েছে, অবরোধ তুলে নেওয়া হয়েছে , কিছু জব্দকৃত সম্পদ মুক্ত করা হয়েছে এবং ইরানের জন্য একটি বড়ো পুনর্গঠন ও উন্নয়ন পরিকল্পনা চালু করা হয়েছে।„ (এনএইচকে ওয়েব পেজঃ ২২.০৬.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### টাকা ফেরত দিতে না পারা পাঁচ প্রতিষ্ঠানে বসছে প্রশাসক

আমানতকারীদের টাকা ফেরত দিতে না পারা দেশের ব্যাংকবহির্ভূত পাঁচটি আর্থিক প্রতিষ্ঠানে আটকে থাকা টাকা আমানতকারীদের ফেরত দেওয়ার উদ্যোগ নিচ্ছে বাংলাদেশ ব্যাংক। জনগণের করের টাকা থেকে সরকার এই অর্থ জোগান দেবে। তার আগে পাঁচ প্রতিষ্ঠান বন্ধ করা হবে। এ জন্য প্রতিষ্ঠানগুলোয় প্রশাসক বসানোর উদ্যোগ নেওয়া হয়েছে। বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে এই প্রশাসক নিয়োগ দেওয়া হবে। বাংলাদেশ ব্যাংক সূত্রে জানা যায়, প্রশাসক নিয়োগের পর প্রতিষ্ঠানগুলোর ছোটো ছোটো আমানতকারীর টাকা ফেরত দেওয়ার উদ্যোগ নেওয়া হবে। টাকা ফেরত দেওয়ার বিষয়ে এরই মধ্যে সরকারের সম্মতি পেয়েছে বাংলাদেশ ব্যাংক। তারপরও প্রশাসক নিয়োগের সিদ্ধান্ত চূড়ান্ত করা হয়েছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রনি)

### আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ঘিরে ৯ দিনের জন্য সেনা মোতায়েনের চিঠি

বাংলাদেশে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী কেন্দ্র করে সেনা মোতায়েনের জন্য চিঠি দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। আজ সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক শাখা-২ থেকে সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসারকে চিঠিটি দেওয়া হয় বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। চিঠিতে বলা হয়, কার্যক্রম নিষিদ্ধ বিভিন্ন সংগঠন দেশের বিভিন্ন স্থানে বেআইনি মিছিল, শোডাউন ও অন্যান্য কর্মসূচি করছে। এর মাধ্যমে নাশকতা ও বিশৃঙ্খলা সৃষ্টির আশঙ্কা রয়েছে। এতে দেশের বিভিন্ন জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটার পাশাপাশি জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা রয়েছে। চিঠিতে ঢাকা, চট্টগ্রাম ও গাজীপুর মহানগর, নারায়ণগঞ্জ, গোপালগঞ্জ ও ফরিদপুর জেলায় শান্তি-শৃঙ্খলা রক্ষা, জননিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণের জানমালের সুরক্ষায় ৯ দিনের জন্য প্রয়োজনীয়সংখ্যক সেনা মোতায়েনের জন্য অনুরোধ করা হয়। ২২ থেকে ৩০ জুন ৃইন এইড টু সিভিল পাওয়ার, হিসেবে সেনাসদস্যরা কাজ করবেন বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রনি)

### ডিবি হেফাজতে ছাত্রলীগ কর্মীর মৃত্যু, ৃহত্যাকাণ্ড, বলে দোষীদের শাস্তি দাবি তিন বিএনপি নেতার

ফরিদপুরের মধুখালী উপজেলায় পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি)-র হেফাজতে ছাত্রলীগ কর্মীর মৃত্যুর ঘটনার বিচার দাবিতে আধা ঘণ্টার বেশি মহাসড়ক অবরোধ কর্মসূচি পালিত হয়েছে। পরে জানাজায় অংশ নিয়ে উপজেলা বিএনপির তিন নেতা ঘটনাটিকে ৃহত্যাকাণ্ড, হিসেবে আখ্যায়িত করে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেছেন। ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোর খবর অনুযায়ী, আজ সোমবার বেলা পৌনে ১১টার দিকে একটি অ্যাম্বুলেন্সে ফরিদপুর ডায়াবেটিক হাসপাতালের হিমঘর থেকে মৃত ছাত্রলীগের কর্মী মির্জা ইশতিয়াক আহমেদ ওরফে প্রান্তর (২৭) মৃতদেহ মধুখালীর পেঁয়াজবাজার সংলগ্ন পশ্চিম গোন্দারদিয়া মহল্লার বাড়িতে আনা হয়। এক পর্যায়ে ক্ষুব্ধ এলাকাবাসী পেঁয়াজবাজার এলাকায় ঢাকা-খুলনা মহাসড়ক অবরোধ করেন। জোহরের নামাজের পর বেলা ২টার দিকে মধুখালী কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে জানাজা শুরু হয়। জানাজা শুরু হওয়ার আগে উপজেলা বিএনপির সভাপতি সাহাবুদ্দিন আহমেদ, সাধারণ সম্পাদক আবদুল আলিম ও মধুখালী পৌর বিএনপির সভাপতি হায়দার আলী মোল্লা ঘটনাটিকে ৃহত্যাকাণ্ড, আখ্যায়িত করে এর সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রনি)

### কুয়ালালামপুরে উষ্ণ অভ্যর্থনা তারেক রহমানকে

প্রথম বিদেশ সফরে গেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে তাকে উষ্ণ অভ্যর্থনা জানিয়েছেন দেশের প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম। সোমবার স্থানীয় সময় সকাল সাড়ে ৮টা নাগাদ কুয়ালালামপুরের শাংগ্রি লা হোটেল থেকে শোভাযাত্রা করে প্রধানমন্ত্রী তারেক রহমান ও জুবাইদা রহমান রওয়ানা দেন। সকাল ৯টায় পুত্রজায়ায় মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর কার্যালয় পেরদানা পুত্রা ভবনে পৌঁছান তারা। সেখানে তাদের অভ্যর্থনা জানান মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম ও তার সহধর্মিণী ওয়ান আজিজাহ ওয়ান ইসমাইল। এরপর সশস্ত্র বাহিনী তাদের গার্ড অফ অনার দেয়। রোববার মালয়েশিয়া পৌঁছেছেন তারেক রহমান। প্রধানমন্ত্রী হওয়ার পর এই প্রথম কোনো বিদেশ সফরে গেলেন তারেক। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রনি)

### সুইজারল্যান্ডে ইরান ও আমেরিকার আলোচনা শেষ

যুদ্ধবিরতির লক্ষ্যে আলোচনা শুরু হয়েছিল ইরান ও আমেরিকার প্রতিনিধিদের। মধ্যস্থতা করছিল কাতার ও পাকিস্তান। মধ্যস্থতাকারীরা জানিয়েছে, রোববার দুই তরফের আলোচনা শেষ হয়েছে। কীভাবে ৬০ দিনের চুক্তিকে আরো এগিয়ে নিয়ে যাওয়া যায়, তা নিয়েও আলোচনা হয়েছে বলে জানানো হয়েছে। রোববারের আলোচনায় আমেরিকার প্রতিনিধিত্ব করেছেন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্স। অন্যদিকে ইরানের প্রতিনিধিত্ব করেছেন পার্লামেন্টের স্পিকার বাঘের কালিবাফ। আলোচনায় হরমুজ প্রণালি নিয়ে দীর্ঘ কথা হয়েছে। ইরান বারবার জানিয়েছে, ইসরায়েল লেবাননে যেভাবে

হামলা চালাচ্ছে, তাতে তারা হরমুজ প্রণালি বন্ধ রাখতে বাধ্য হবে। হিজবুল্লাহ এবং ইসরায়েল দুই তরফই দাবি করছে, যুদ্ধবিরতি চুক্তি ভেঙে তারা একে অপরের উপর আক্রমণ চালাচ্ছে। তবে রোববারের আলোচনার পর ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, এদিনের আলোচনা ফলপ্রসূ হয়েছে। পাকিস্তান এবং কাতার ইসরায়েল ও হিজবুল্লার লড়াই নিয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের দিকে এগোতে পেরেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রনি)

## ইরান নিয়ে আশাবাদে তেলের দাম কমছে

সুইজারল্যান্ডে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে আলোচনার অগ্রগতির প্রভাব পড়ছে তেলের বাজারে। কিছুটা কমেছে তেলের দাম। এশিয়ার বাজারে ব্রেন্ট ক্রুড অয়েলের দাম প্রতি ব্যারেলে ১ শতাংশেরও বেশি কমে ৭৯.৭০ ডলারে নেমে এসেছে। দাম কমলেও গত ফেব্রুয়ারির শেষের দিকে ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল হামলা শুরুর আগের পর্যায়ে আসেনি। তখন ব্রেন্ট ক্রুড অয়েলের প্রতি ব্যারেলের দাম ছিল প্রায় ৭০ ডলার। ক্যাপিটাল ইকোনমিকসের এশিয়া-প্যাসিফিক বাজার বিষয়ক প্রধান টমাস ম্যাটিয়াস এক বার্তায় বলেন, "যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে বিতর্কিত ও ভঙ্গুর শান্তি প্রক্রিয়া শুরু হওয়ায় কত দ্রুত ট্যাঙ্কারগুলো জ্বালানি পণ্য সংগ্রহের জন্য হরমুজ প্রণালিতে ফিরে আসে, সেদিকেই এখন সবার নজর।„ তবে আইএনজির কমোডিটি কৌশলবিদ ওয়ারেন প্যাটারসন ও ইভা মান্থে মনে করেন, এখনো আরো "স্থায়ী চুক্তির দিকে এগিয়ে যাওয়া বেশ চ্যালেঞ্জিং।„ তাদের মতে, "এতে সংঘাত নতুন করে ছড়িয়ে পড়ার বাস্তব ঝুঁকি রয়েছে।„ বিশ্লেষকেদের একাংশের মতে, যুক্তরাষ্ট্র-ইরানের এই আলোচনা শেয়ার বাজারে ইতিবাচক ভূমিকা রাখতে পারে, তবে এ বিষয়ে নিশ্চিত করে কিছু বলার সময় এখনো আসেনি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রনি)

# জাগো নিউজ

## ৫ কর্মদিবসে শিশু ধর্ষণ-হত্যা মামলার রায়, আসামির মৃত্যুদণ্ড

ঝিনাইদহের চাঞ্চল্যকর শিশু ধর্ষণ ও ধর্ষণের পর শ্বাসরোধে হত্যার মামলায় আসামি আবু তাহেরকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। সোমবার (২২ জুন) বেলা সাড়ে ১১টায় বহুল আলোচিত এই মামলার রায় ঘোষণা করেন ঝিনাইদহের শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল। গত ১৬ জুন এ মামলায় শুনানি শু রু হয়। ১৭ জুন চার্জ গঠন শেষে সাক্ষ্যগ্রহণ শুরু হয়। সাক্ষ্য-প্রমাণ ও আসামির স্বীকারোক্তিমূলক জবানবন্দি শেষে আদালত আসামিকে সর্বোচ্চ শাস্তি দেন। দণ্ডপ্রাপ্ত আসামি আবু তাহের (৩৩) কালীগঞ্জ উপজেলার ফরাসপুর গ্রামের শফিউদ্দীনের ছেলে। ঘটনার চার মাসের মধ্যে সরকারের বিশেষ নির্দেশনায় মাত্র ৫ কর্মদিবসে চাঞ্চল্যকর এ মামলার বিচারকাজ সম্পন্ন হয়েছে। রায়ের পর আদালত ও সরকারের প্রতি সন্তোষ প্রকাশ করেছে ভিকটিম শিশুর পরিবার। এর আগে , রোববার (২১ জুন) ঝিনাইদহের শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনালে রাষ্ট্রপক্ষ ও আসামিপক্ষের যুক্তিতর্ক উপস্থা পন শেষ হয়। ওইদিনই রায়ের দিন ধার্য করেন আদালত। চাঞ্চল্যকর এ মামলার দ্রুত নিষ্পত্তিতে খুশি আইনজীবী ও সচেতন নাগরিকরাও।

(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## মুচলেকা দিয়ে ছাড়া পেলেন এমপি পুত্র খাইরুল সজীব

নারায়ণগঞ্জ-৩ (সোনারগাঁ-সিদ্ধিরগঞ্জ) আসনের সংসদ সদস্য আজহারুল ইসলামের ছেলে ও জেলা যুবদলের জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক খাইরুল ইসলাম (সজীব) মুচলেকা দিয়ে ছাড়া পেয়েছেন। সোমবার (২২ জুন) সকালে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ তার মুচলেকা নিয়ে ছেড়ে দেয়। ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা) মো. শফিকুল ইসলাম জানান , খাইরুল ইসলাম সজীবের বিরুদ্ধে বেশ কিছু অভিযোগ ছিল। সেসব বিষয়ে তাকে জিজ্ঞাসাবাদ করা হয়। এরপর আজ সকালে তার আত্মীয়ের জিম্মায় মুচলেকা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে। এর আগে , গতকাল রোববার পুলিশ সদর দপ্তর এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয় , নারায়ণগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য আজহারুল ইসলামের ছেলে খাইরুল ইসলামকে জিজ্ঞাসাবাদের জন্য নারায়ণগঞ্জ ডিবি পুলিশ কার্যালয়ে আনে। পরে অধিকতর জিজ্ঞাসাবাদের জন্য তাকে মিন্টো রোড ডিএমপির ডিবি কার্যালয়ে নেওয়া হয়। সংশ্লিষ্ট একটি সূত্র বলছে , বিএনপি ক্ষমতায় আসার পর একটি বড়ো শিল্প গ্রুপের কাছে মোটা অঙ্কের টাকা দাবি করেন খাইরুল। টাকা না দেওয়ায় গাড়ি আটকে রাখা হয়। পরে সরকারের উচ্চপর্যায়ের হস্তক্ষেপে গাড়ি ছেড়ে দেন খাইরুল। তার বাবা আজহারুল ইসলাম সোনারগাঁ থানা বিএনপির সভাপতি এবং নারায়ণগঞ্জ -৩ আসনের সংসদ সদস্য। ডিবি আটক করার পর জেলা যুবদলের জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক খা ইরুল ইসলামকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি (দপ্তরের দায়িত্বে) নুরুল ইসলাম সোহেল স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে , নানা অনিয়মে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগের ভিত্তিতে তাকে দল থেকে বহিষ্কার করা হয়েছে। তার অপকর্মে র দায় দল নেবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## গুম-খুনের বিচার দাবিতে ঢাকায় মঙ্গলবার ১১ দলের সমাবেশ

আওয়ামী লীগ আমলে সংঘটিত গুম , খুন, হত্যাকাণ্ডের বিচারের দাবিতে মঙ্গলবার (২৩ জুন) রাজধানীতে সমাবেশ করবে জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় ঐক্য। বিকেল ৫টায় রাজধানীর বিজয়নগরে এই সমাবেশ হবে। সেখানে ১১ দলের শীর্ষ নেতারা উপস্থিত থাকবেন। এছাড়া আগামী ৪ জুলাই সারাদেশের সব জেলায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ করবে ১১ দল। সোমবার (২২ জুন) রাজধানীর মগবাজারে জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে এক জরুরি সংবাদ সম্মেলনে জামায়াতের সহকারী সে ক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ এ কর্মসূচি ঘোষণা করেন। সংবাদ সম্মেলনের আয়োজন করে ১১ দলীয় ঐক্য। এর আগে , সকাল ১০টায় জামায়াতের কেন্দ্রীয় কার্যালয়ে ১১ দলীয় ঐক্যের লিয়াজোঁ কমিটির বৈঠক হয়। বৈঠক শেষে সংবাদ সম্মেলনে ১১ দলীয় ঐক্যের সমন্বয়ক হামিদুর রহমান আযাদ বলেন, বিচারহীনতার সংস্কৃতি এখনো চলমান। ফ্যাসিবাদকে ফিরিয়ে আনার অপচেষ্টা চলছে। জুলাই গণহত্যার বিচার এখনো হয়নি, এই বিচার প্রক্রিয়া ধীরগতি করে রাখা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## গাজীপুরে বৃষ্টির পানিতে তলিয়ে থাকা ঢাকনাবিহীন ড্রেনে পড়ে নারী নিহত

গাজীপুরে বিআরটিএ প্রকল্পের অরক্ষিত ড্রেনে পড়ে এক নারীর মৃত্যু হয়েছে। নিহত নাজমা খাতুন (৪২) সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার লাংগলঝাড় এলাকার আব্দুল বারীর মেয়ে। রোববার (২১ জুন) বিকেলে গাজীপুর মহানগরীর ভোগরা বাইপাস ঢাকা -ময়মনসিংহ মহাসড়কে এ দুর্ঘটনা ঘটলেও রাতে তা র মৃত্যুর খবরটি ছড়িয়ে পড়ে। স্থানীয় সূত্রে জানা যায় , বিকেলে ভারী বৃষ্টিতে গাজীপুর মহানগরীর ভোগড়া বাইপাস এলাকায় মহাসড়কের পাশের সড়ক ও ফুটপাত পানিতে ডুবে যায়। এসময় ফুটপাত দিয়ে হেঁটে যাওয়ার সময় পানির নিচে তলিয়ে থাকা ঢাকনাবিহীন ড্রেনে পড়ে নিখোঁজ হন নাজমা। খ বর পেয়ে ভোগড়া মডার্ন ফায়ার সার্ভিসের কর্মীরা উদ্ধার অভিযান চালিয়ে তার মরদেহ উদ্ধার করে। পরে মরদেহটি শহিদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়। গাজীপুর মেট্রোপলিটন বাসন থানার উপ -পরিদর্শক (এসআই) মোখলেসুর রহমান জানান, খোলা ড্রেনে পড়ে যাওয়ার পর ফায়ার সার্ভিসের কর্মীরা তার মরদেহ উদ্ধার করেন। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন এবং সুরতহাল প্রতিবেদন প্রস্তুত করেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## সুনামগঞ্জে হাওর থেকে শহর পর্যন্ত বন্যা আতঙ্ক

সুনামগঞ্জে টানা বৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে দ্রুতগ তিতে বাড়ছে নদ -নদীর পানি। এতে প্রতিনিয়ত আতঙ্কে সময় পার করছেন জেলার ২০ লাখেরও বেশি মানুষ। ঢলের পানিতে যে -কোনো সময় সীমান্ত এলাকার নিম্নাঞ্চল প্লাবিত হয়ে ৫ লক্ষাধিকেরও বেশি মানুষ পানিবন্দি হয়ে পড়তে পারেন। খোঁজ নিয়ে জানা যায় , ৩ হাজার ৭৪৭.১৮ বর্গ কিলোমিটার দিয়ে গঠিত ভাটির জেলা সুনামগঞ্জ। প্রতি বছর এই জেলায় কালবৈশাখি ঝড় থেকে শুরু করে ভারত থেকে নেমে আসা পাহাড়ি ঢলে বন্যা পরিস্থিতি সৃষ্টি হয়। মাসখানেক আগেও হাওর অঞ্চলের মানুষদের ধান ঘরে তুলতে নানা প্রতিকূলতা পার হতে হয়েছে। বজ্রপাত , হাওরে জলাবদ্ধতা ও উজানের ঢল মোকাবিলা করে ঘরে তুলেছেন কষ্টের ধান। তারপরও নষ্ট হয়েছে লক্ষাধিক কৃষকের ধান। এরপর যখন হাওরাঞ্চলের মানুষ একটু স্বস্তির নিশ্বাস নেবে, ঠিক সেই সময় আরেক দুশ্চিন্তার ভাঁজ হাওর থেকে শহর পর্যন্ত। বিশেষ করে জেলার তাহিরপুর , বিশ্বম্ভরপুর, ধর্মপাশা ও মধ্যনগরসহ বেশ কয়েকটি উপজে লার বেশিরভাগ মানুষ একদম সীমান্ত নিকটবর্তী এলাকায় বসবাস করেন। ফলে উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে প্রথমে এসব উপজেলার গ্রামগুলো প্লাবিত হয়। এতে পানিবন্দি হয়ে পড়বেন ৪ থেকে ৫ উপজেলার ৫ লাখেরও বেশি মানুষ। এমনকি ঢলের পানিতে এরই মধ্যে তলিয়েছে তাহিরপুরের আনোয়ারপুর স ড়ক ও বিশ্বম্ভরপুরের শক্তিয়ারখলা সড়ক। এতে জেলা শহরের সঙ্গে সরাসরি তাহিরপুর উপজেলার সড়কপথে যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## পুনর্বহালসহ ১০ দাবিতে চট্টগ্রামে ৫ ব্যাংকের চাকরিচ্যুতদের মানববন্ধন

চাকরিতে পুনর্বহালসহ ১০ দফা দাবিতে চট্ট গ্রামে মানববন্ধন ও অবস্থান কর্মসূচি পালন করেছেন দেশের পাঁচটি ইসলামী ধারার ব্যাংকের চাকরিচ্যুত ও ক্ষতিগ্রস্ত কর্মকর্তা -কর্মচারীরা। সোমবার (২২ জুন) সকাল থেকে নগরের বাংলাদেশ ব্যাংকের আঞ্চলিক কার্যালয়ের সামনে এ কর্মসূচি পালন করেন তারা। আন্দোলনকারীদের দাবি , ২০২৪ সালের ৫ আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর বিভিন্ন প্রভাবশালী মহলের হস্তক্ষেপে কয়েকটি ইসলামী ব্যাংকে ব্যাপক ছাঁটাই ও প্রশাসনিক হয়রানি চালানো হয়েছে। কর্মসূচিতে অংশগ্রহণকারীরা বলেন, ইসলামী ব্যাংক বাংলাদেশ, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক, আল-আরাফাহ ইসলামী ব্যাংক ও সোশ্যাল ইসলামী ব্যাংকের প্রায় ১০ হাজার কর্মকর্তা-কর্মচারী বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। তাদের অনেককে শাস্তিমূলক বদলি , আইডি নিষ্ক্রিয়করণ এবং পরে চাকরিচ্যুত করা হয়েছে বলে অভিযোগ করেন তারা। অবস্থান কর্মসূচি থেকে বাংলাদেশ ব্যাংকের গভর্ন রের দৃষ্টি আকর্ষণ করে ১০ দফা দাবি তুলে ধরা হয়। তাদের দাবির মধ্যে রয়েছে - চাকরিচ্যুত কর্মকর্তা-কর্মচারীদের পূর্বের সুযোগ-সুবিধাসহ পুনর্বহাল, দক্ষ ও পেশাদার ব্যক্তিদের সমন্বয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা পুনর্গঠন এবং ব্যাংকখাতে সুশাসন নিশ্চিত করা। এছাড়া ব্যাংকের কার্যক্রমে রাজনৈতিক হস্তক্ষেপ বন্ধ , প্রত্যক্ষ রাজনীতিতে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ, গ্রাহকদের মধ্যে কৃত্রিম সংকট সৃষ্টি ও আতঙ্ক ছড়ানোর

অভিযোগে দায়ীদের শাস্তি এবং ৫ আগস্টের পর ব্যাংকখাতে সংঘটিত অনিয়ম ও ক্ষমতার অপব্যবহারের নিরপেক্ষ তদন্তের দাবিও জানানো হয়। মানববন্ধনে অংশ নেওয়া চাকরিচ্যুত এক কর্মকর্তা বলেন, কোনো ধরনের মানবসম্পদ নীতিমালা অনুসরণ না করেই আমাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। আমরা ন্যায়বিচার ও চাকরি ফিরে পাওয়ার দাবিতে আন্দোলন করছি। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## হাজিদের কোরবানিতে অনিয়ম, ৪ হজ এজেন্সিকে শোকজ

২০২৬ সালের (১৪৪৭ হিজরি) হজে সৌদি সরকারের বাধ্যতামূলক নুসুক মাসার সিস্টেমের মাধ্যমে কোরবানি সম্পন্নের প্রমাণ দিতে না পারায় চারটি হজ এজেন্সিকে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দিয়েছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়। এজেন্সিগুলো হলো- প্রত্যাশা ট্রাভেলস অ্যান্ড ট্যুরস, দৈফুর রহমান ট্রাভেলস, গ্লোবাল ট্রাভেলস সার্ভিস অ্যান্ড ট্যুরস এবং দারুল ইমান ইন্টারন্যাশনাল ট্রাভেলস অ্যান্ড ট্যুরস। ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের পৃথক চিঠিতে বলা হয়েছে, সৌদি সরকারের নির্দেশনা অনুযায়ী, ২০২৬ সালের হজে কেবল নুসুক মাসার সিস্টেমের মাধ্যমেই আদাহী বা কোরবানি সম্পন্ন করার অনুমতি ছিল। অন্য কোনো পদ্ধতিতে কোরবানি আদায়ের প্রচেষ্টা নিষিদ্ধ করা হয়। সে অনুযায়ী, 'হজ প্যাকেজ ও গাইডলাইন-২০২৬,-এ সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় কোরবানির খরচ অন্তর্ভুক্ত করা হয়েছিল। মন্ত্রণালয় জানায়, লিড এজেন্সি হিসেবে অংশ নেওয়া প্রত্যাশা ট্রাভেলস অ্যান্ড ট্যুরসের অধীনে ২ হাজার ২১২ জন, গ্লোবাল ট্রাভেলস সার্ভিস অ্যান্ড ট্যুরসের অধীনে ২ হাজার ৬২৩ জন এবং দারুল ইমান ইন্টারন্যাশনাল ট্রাভেলস অ্যান্ড ট্যুরসের অধীনে ২ হাজার ২১৬ জন হজযাত্রী হজ পালন করেন। এসব হাজীর কোরবানি নুসুক মাসার সিস্টেমের মাধ্যমে সম্পন্ন হওয়ার তথ্য ও প্রমাণপত্র একাধিকবার চাওয়া হলেও, সংশ্লিষ্ট এজেন্সিগুলো তা জমা দেয়নি বলে অভিযোগ করা হয়েছে। অন্যদিকে, দৈফুর রহমান ট্রাভেলসের অধীনে ২৯টি সমন্বয়কারী এজেন্সির মাধ্যমে মোট ২ হাজার ১৯৯ জন হজযাত্রী হজ পালন করেন। এজেন্সিটি তথ্য জমা দিলেও পর্যালোচনায় দেখা যায়, লিড এজেন্সি দৈফুর রহমান ট্রাভেলস এবং সমন্বয়কারী এজেন্সি গাউছিয়া ট্রাভেলস অ্যান্ড ট্যুরস, আল-জাওয়াদ ইন্টারন্যাশনাল ট্রাভেলস অ্যান্ড হজ সার্ভিস ও সাদমান ট্রাভেলস অ্যান্ড ট্যুরসে নিবন্ধিত কোনো হজযাত্রীর কোরবানি নুসুক মাসার সিস্টেমের মাধ্যমে সম্পন্ন হয়নি। অথচ হাজীদের কাছ থেকে কোরবানির অর্থ নেওয়া হয়েছিল।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## দেশের সব নদীর পানি বিপৎসীমার নিচে, সতর্কসীমায় ৫ নদী

দেশের সব নদ-নদীর পানি সমতল বিপৎসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। তবে তিস্তা, দুধকুমার, সুরমা, কুশিয়ারা ও সোমেশ্বরী নদী সতর্কসীমায় প্রবাহিত হচ্ছে। সোমবার (২২ জুন) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের এক নজরে মৌসুমি পানি সমতল এবং বৃষ্টিপাতের পরিস্থিতিজনিত বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, সকাল ৯টার তথ্যানুযায়ী সতর্কসীমায় (বিপৎসীমার কাছাকাছি) প্রবাহিত স্টেশনসমূহ হলো দুধকুমার নদীর পাটেশ্বরী (কুড়িগ্রাম) স্টেশন। তিস্তা নদী ডালিয়া (নীলফামারী), কাউনিয়া (রংপুর) ও তারাপুর (গাইবান্ধা) স্টেশন। সুরমা নদী সুনামগঞ্জ (সুনামগঞ্জ) ও ছাতক (সুনামগঞ্জ) স্টেশনে। কুশিয়ারা নদী ফেঞ্চুগঞ্জ (সিলেট) স্টেশনে এবং সোমেশ্বরী নদী কলমাকান্দা (নেত্রকোনা) স্টেশনে সতর্কসীমায় প্রবাহিত হচ্ছে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র জানায়, গত ২৪ ঘণ্টায় দেশের উজানে সর্বোচ্চ বৃষ্টি হয়েছে চেরাপুঞ্জি (মেঘালয়) ১৩৬ মিলিমিটার। গত ২৪ ঘণ্টায় বাংলাদেশের অভ্যন্তরে সর্বোচ্চ বৃষ্টি হয়েছে দুর্গাপুর (নেত্রকোনা) ২৩৭ মিলিমিটার।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-মালয়েশিয়া বাণিজ্য চুক্তি আগামী বছরের মধ্যে সম্পন্নের আশা

বাংলাদেশ ও মালয়েশিয়া দ্বিপক্ষীয় সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যেতে বাণিজ্য, বিনিয়োগ, শ্রমবাজার, জ্বালানি, প্রতিরক্ষা, শিক্ষা এবং ডিজিটাল অর্থনীতিসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদারে একমত হয়েছে। একইসঙ্গে ২০২৭ সালের মধ্যে বাংলাদেশ-মালয়েশিয়া মুক্ত বাণিজ্য চুক্তি (এমবিএফটিএ) সম্পন্ন করার লক্ষ্য নির্ধারণ করেছে দুই দেশ। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের আমন্ত্রণে বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান রোববার (২১ জুন) মালয়েশিয়া সফর করেন। দায়িত্ব নেওয়ার পর এটিই ছিল তার প্রথম বিদেশ সফর। সফরকালে দুই নেতা দ্বিপক্ষীয় বৈঠকে অংশ নেন এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা কামরুল ইসলাম ভূঁইয়া সোমবার (২২ জুন) সকালে বৈঠকের বিভিন্ন তথ্য তুলে ধরেন। যৌথ বিবৃতিতে বলা হয়, দক্ষিণ এশিয়ায় মালয়েশিয়ার দ্বিতীয় বৃহত্তম বাণিজ্য অংশীদার বাংলাদেশ। দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে উভয়পক্ষ তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। এছাড়া বাংলাদেশ-মালয়েশিয়া মুক্ত বাণিজ্য চুক্তি (এমবিএফটিএ) নিয়ে আলোচনার অগ্রগতিকে স্বাগত জানানো হয়েছে এবং ২০২৭ সালের মধ্যে চুক্তিটি সম্পন্ন করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করা হয়েছে। দুই দেশের বেসরকারি খাতের মধ্যে সহযোগিতা বাড়াতে 'মালয়েশিয়া-বাংলাদেশ জয়েন্ট বিজনেস কাউন্সিল, গঠনের অগ্রগতির বিষয়টিও যৌথ বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। দুই নেতা কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), ফিনটেক, সাইবার নিরাপত্তা, ডিজিটাল গভর্ন্যান্স এবং উদীয়মান প্রযুক্তিতে

সহযোগিতা বৃদ্ধিতে সম্মত হয়েছেন। বাংলাদেশে প্রযুক্তি পার্ক , বিশেষ অর্থনৈতিক অঞ্চল এবং ডিজিটাল অবকাঠামো খাতে মালয়েশিয়ার বিনিয়োগ বৃদ্ধির বিষয়েও আলোচনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## ডেপুটি অ্যাটর্নি জেনারেল বদিউজ্জামান তপাদারের পদত্যাগ

পদত্যাগ করেছেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মো . বদিউজ্জামান তপাদার। ২০২৪ সালের গণ-অভ্যুত্থানের পর তিনি ডেপুটি অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ পান। সোমবার (২২ জুন) পদত্যাগের তথ্য জানিয়ে বদিউজ্জামান তপাদার বলেন, গত ২ জুন বাংলাদেশের রাষ্ট্রপতি বরাবর এ পদত্যাগপত্র দিয়ে ছি। কিন্তু, এ পদত্যাগপত্র এখনো গ্রহণ করা হয়নি। তার পদত্যাগপত্রে উল্লেখ করা হয় , ২০২৪-এর জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানের পর আগস্ট মাসে তাকে বাংলাদেশের একজন ডেপুটি অ্যাটর্নি জেনারেল হিসেবে নিয়োগ দেওয়া হয়। বর্তমানে ব্যক্তিগত বিশেষ অসুবিধার কারণেই তিনি এ পদত্যাগপত্র দাখিল করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## হামের উপসর্গে ৩ শিশুর মৃত্যু, আক্রান্ত হাজারের বেশি

দেশে গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে আরও ৩ শিশুর মৃত্যু হয়েছে। এসময়ে নিশ্চিত হাম ও হামের উপসর্গ মিলিয়ে নতুন করে হাজারের বেশি শিশু আক্রান্ত হয়েছে। সোমবার (২২ জুন) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হাম -বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয় , গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে ৩ শিশু মারা গেছে। তবে এসময়ে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি। সেখানে বলা হয় , গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ৫৯০টি শিশুর। একই সময়ে নিশ্চিত হামে আক্রান্ত হয়ে ৯৩ শিশুর প্রাণ গেছে। অর্থাৎ, হাম ও হামের উপসর্গ নিয়ে এ পর্যন্ত মোট ৬৮৩টি শিশুর মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে আক্রান্ত হয়েছে ১৬০ জন শিশু। এসময়ে হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ৯৬৫। মোট আক্রান্ত হয়েছে ১ হাজার ১২৫ জন। তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯৩ হাজার ৭৫৫, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১১ হাজার ১৭১। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৭৭ হাজার ৭৪৩ রোগী, যাদের মধ্যে ৭৩ হাজার ৯৮৫ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## স্বামী-স্ত্রীর ডিভোর্স হতে পারে, ভারতের সঙ্গে ডিভোর্স হতে পারে না

স্বামী-স্ত্রীর মধ্যে ডিভোর্স হতে পারে, কিন্তু প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে সম্পর্কের ডিভোর্স হতে পা রে না বলে মন্তব্য করেছেন বিএনপির সংসদ সদস্য গোলাম মোহাম্মদ (জিএম) সিরাজ। সোমবার (২২ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের ১২তম দিনে ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেট আলোচনায় অংশ নিয়ে এ মন্তব্য করেন তিনি। ভারতের সঙ্গে সম্পর্কের কথা তুলে ধরে জিএ ম সিরাজ বলেন, স্বামী-স্ত্রীর সম্পর্ক ক্ষণস্থায়ী হতে পারে, তাদের মধ্যে ডিভোর্সও হতে পারে। কিন্তু ভারত ও বাংলাদেশের মধ্যে প্রতিবেশী সম্পর্কের ডিভোর্স হতে পারে না। প্রতিবেশীকে কখনই অস্বীকার করা সম্ভব নয় - ভারতও পারবে না, বাংলাদেশও পারবে না। তিনি বলেন , ”ভারত-বাংলাদেশের সম্পর্ক নিয়ে আমি একটু সময় নেব। সেটা হলো যে , আমরা সবাই চাই, ভারত-বাংলাদেশ বন্ধুত্বপূর্ণ এবং সম্মানজনকভাবে আমাদের বন্ধুত্ব টিকিয়ে রাখি। কারণ আমি বিশ্বাস করি যে , ভারত আমাদের প্রতিবেশী। আমরাও দুই বন্ধুতে আমাদের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ক্ষণস্থায়ী যেন না হয়। বাংলাদেশে ভারতের নতুন হাইকমিশনার দিনেশ ত্রিবেদী প্রসঙ্গে বিএনপির এমপি বলেন , আমরা দেখলাম যে, দেশে ভারতের নতুন হাইকমিশনার আসলেন। তিনি এসে বাংলাদেশ -ভারতের বন্ধুত্ব নিয়ে তিনি কাব্যিক ভাষায় কথা বলেছেন। ত্রিবেদী বললেন , আমরা একই আকাশ, একই বাতাসের নিচে আছি। আমাদের বন্ধুত্ব প্রয়োজন। তিন্তু আমরা কী দেখলাম ? আমরা দেখলাম, বাংলাদেশের সোশ্যাল মিডিয়াতে বিতর্কের ঝড়। ভারত -বিরোধী বিভিন্নভাবে আমরা সোশ্যাল মিডিয়াতে বা ইলেকট্রনিক মিডিয়াতে দেখলাম। কিন্তু কেন ? এই কেন প্রশ্নটা জানতে। ভারতের `পুশ-ইন, প্রসঙ্গে জিএম সি রাজ বলেন, আমরা জানতে চাই যে, আজকে `পুশ-ইন,- ভারতের ভাষায় `পুশ-ব্যাক, হচ্ছে। এটা বন্ধ হতে হবে। আমরা বলতে চাই - আসুন, মানুষের হৃদয় জয় করুন। মানুষের হৃদয়ের সাথে ভারতের , ভারতবাসী এবং বাংলাদেশের মানুষের সাথে হৃদয়ের সাথে হৃদয়ের সম্পর্ক স্থাপন করি। আমরা চাই , ভারত-বিরোধিতা অথবা বাংলাদেশ-বিরোধিতা এগুলো না হোক। আমরা কী চাই ? আমরা শান্তিপূর্ণ অবস্থান করতে চাই। সেই ক্ষেত্রে আমার সবিনয় অনুরোধ ভারতের বর্তমান সরকারের প্রতি যে , আপনারা দয়া করে ’পুশ-ইন’ বন্ধ করুন, `পুশ-ইন, বন্ধ করুন। একই সাথে `পুশ-ইনের, চাইতেও আরেকটি ব ড়ো মারাত্মক ব্যাধি আমাদের - মাদকে আমাদের ছেয়ে ফেলেছে। এই সর্বগ্রাসী মাদক আমাদের যুবক সম্প্রদায় , ছাত্র সম্প্রদায় , সমস্ত শ্রেণিকে নষ্ট করে ফেলছে। „ (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## সংসদের সবাইকে ১০ কেজি করে আম উপহার, প্রশংসায় ভাসছেন জামায়াত আমির

জাতীয় সংসদ ভবনে আজ এক অভুতপূর্ব ও ব্যতিক্রমী দৃশ্য দেখা যায়। কোনো রাজনৈতিক তর্ক -বিতর্ক বা আইন পাসের ব্যস্ততা নয়, বরং বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা . শফিকুর রহমানের একটি 'সারপ্রাইজ, উপহার ঘিরে মুখরিত ছিল গোটা সংসদ সচিবালয়। সংসদের স্পিকার, মন্ত্রী, সরকারি ও বিরোধীদলের সব সংসদ সদস্য (এমপি) থেকে শুরু করে সংসদ সচিবালয়ের সব শ্রেণির কর্মকর্তা ও চতুর্থ শ্রেণির কর্মচারীরাও পেয়েছেন এই বিশেষ উপহার। প্রত্যেকের হাতে বা ডেস্কে পৌঁছে গেছে ১০ কেজি ওজনের একটি করে উপহারের প্যাকেট। জানা যায়, সোমবার (২২ জুন) সকাল থেকেই সংসদ ভবনের করিডোরগুলোতে কৌতূহল ছিল , কী আছে এই ১০ কেজির প্যাকেটে? সংসদ সচিবালয়ের বিভিন্ন শ্রেণির কর্মকর্তা-কর্মচারী জানিয়েছেন, বিরোধীদলীয় নেতার পক্ষ থেকে পাঠানো এই সুদৃশ্য প্যাকেটে ছিল মৌসুমি সুস্বাদু ফল (প্রিমিয়াম কোয়ালিটির আম)। অত্যন্ত সুশৃঙ্খলভাবে বিরোধীদলীয় নেতার কার্যালয়ের প্রতিনিধিরা সংসদের প্রতিটি দপ্তরে গিয়ে এই উপহার পৌঁছে দেন। বিরোধীদলীয় নেতার অফিসের সংশ্লিষ্টরা জানান, এই উপহার বিতরণের সবচেয়ে আকর্ষণীয় দিক ছিল এর সমবণ্টন , বাদ যাননি কেউ। সাধারণত ভিআইপিরাই বিভিন্ন উপহার পেয়ে থাকেন, কিন্তু ড. শফিকুর রহমানের এই উপহার তালিকায় সংসদের ঝাড়ুদার , পিয়ন, লিফটম্যান ও গাড়িচালকরাও অন্তর্ভুক্ত ছিলেন। উপহার পেয়ে সংসদ সচিবালয়ের একজন অফিস সহায়ক বলেন , আমরা তো ছোটো চাকরি করি, বড়ো বড়ো নেতার উপহার শুধু দূর থেকেই দেখি। আজ বিরোধীদলীয় নেতা নিজে আমাদের কথা মনে করে ১০ কেজির এই উপহার পাঠিয়েছেন , এটা আমাদের জন্য অনেক বড়ো সম্মানের। বাংলাদেশের চেনা রাজনৈতিক সংস্কৃতিতে সরকারি ও বিরোধীদলের সম্পর্কের বরফ যেখানে সহজে গলে না , সেখানে ডা . শফিকুর রহমানের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন সরকারি দলের অনেক সংসদ সদস্যও। নাম প্রকাশে অনিচ্ছুক , ক্ষমতাসীন দলের এক সংসদ সদস্য জানান, রাজনীতি মাঠে থাকবে, কিন্তু সংসদের ভেতরে এ ধরনের সৌজন্যতাবোধ সত্যিই প্রশংসনীয়। ডা. শফিকুর রহমান সব স্তরের কর্মচারীদের যেভাবে মূল্যায়ন করলেন, তা একটি ইতিবাচক দৃষ্টান্ত হয়ে থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## জিয়াউল আহসানের বিচার বিলম্বের চেষ্টা চলছে: চিফ প্রসিকিউটর

আওয়ামী লীগ সরকারের আমলে গুম ও খুনের ঘটনায় অভিযুক্ত সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসানের বিচার বিলম্বিত করার চেষ্টা চলছে বলে অভিযোগ করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, আসামিপক্ষ প্রায় প্রতিটি শুনানির দিনই বিভিন্ন আবেদন ও অজুহাতের মাধ্যমে সময়ক্ষেপণের চেষ্টা করছে, যা বিচারপ্রক্রিয়ার জন্য ইতিবাচক নয়। সোমবার (২২ জুন) নিজ কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আমিনুল ইসলাম বলেন, জিয়াউল আহসানের মামলায় প্রসিকিউশন বিভিন্ন প্রতিকূলতার মুখোমুখি হচ্ছে। তার দাবি, আসামিপক্ষের আইনজীবীরা প্রতিটি তারিখেই নতুন নতুন কারণ দেখিয়ে শুনানি পেছানোর আবেদন করছেন। চিফ প্রসিকিউটর জানান , জিয়াউল আহসানের পক্ষে আইনজীবী হিসেবে রয়েছেন তার বোন নাজনীন নাহার। তিনি কখনও আইনজীবীর অসুস্থতা বা মৃত্যুর কারণ দেখিয়ে , আবার কখনও বিভিন্ন নথি চেয়ে আবেদন করছেন। প্রসিকিউশনের মতে, এসব আবেদন মানবতাবিরোধী অপরাধের মামলার বিচার বিলম্বিত করার কৌশলের অংশ। আমিনুল ইসলাম বলেন , তারা ট্রাইব্যুনালে এসে শুধু সময় চাইতে থাকেন। আগামী শুনানি থেকে জিয়াউল আহসান বা তার আইনজীবীরা যদি অসৎ উদ্দেশ্যে আবেদন করে বিচারপ্রক্রিয়া বিলম্বিত করার চেষ্টা করেন , তাহলে প্রসিকিউশন আরও কঠোরভাবে এর বিরোধিতা করবে। তিনি জানান , মামলাটিতে ২১ জুন একজন গুরুত্বপূর্ণ সাক্ষী জবানবন্দি দিয়েছেন এবং সোমবার তার জেরা হওয়া র কথা ছিল। কিন্তু শুনানির আগে জিয়াউল আহসানের পক্ষে আইনজীবী নাজনীন নাহার তিন থেকে চারটি আবেদন করেন। আমিনুল ইসলাম বলেন , আবেদনগুলোর মধ্যে কেবল আসামির সঙ্গে সাক্ষাতের অনুমতির আবেদনটির বিরোধিতা করা হয়নি , কারণ এটি একজন আইনজীবীর অধিকার। ট্রাইব্যুনালও ওই আবেদন মঞ্জুর করেছে। তবে বাকি আবেদনগুলোকে তিনি সম্পূর্ণ অপ্রাসঙ্গিক বলে মন্তব্য করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## পি কে হালদারের সহযোগী অভিজিতের ৭ বছরের কারাদণ্ড, সম্পদ বাজেয়াপ্ত

জ্ঞাত আয়-বহির্ভূত সম্পদ অর্জন ও সম্পদের তথ্য গোপনের অভিযোগে দায়ের করা মামলায় পি কে হালদারের সহযোগী হিসেবে পরিচিত অভিজিৎ অধিকারী তীর্থকে দোষী সাব্যস্ত করে সাত বছরের কারাদণ্ড দিয়েছেন আদালত। সোমবার (২২ জুন) ঢাকার বিশেষ জজ আদালত-১ এর বিচারক মুহা. হাসানুজ্জামান এ রায় ঘোষণা করেন। একইসঙ্গে তার অবৈধভাবে অর্জিত সম্পদ রাষ্ট্রের অনুকূলে বাজেয়া প্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। রায়ে সম্পদের তথ্য গোপনের দায়ে তাকে দুই বছরের কারাদণ্ড এবং জ্ঞাত আয়ের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ সম্পদ অর্জনের অপরাধে পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়। পাশাপাশি এক কোটি ৩৫ লাখ ৫ হাজার ২৮৪ টাকা অর্থদণ্ড করা হয়েছে। অর্থদণ্ড অনাদায়ে তাকে আরও ৩০ দিন কারাভোগ করতে হবে। আদালত আরও নির্দেশ দেন , অবৈধভাবে অর্জিত সম্পদ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। মামলার আসামি পলাতক থাকায় তার বিরুদ্ধে সাজা পরোয়ানার পাশাপাশি গ্রেফতারি পরোয়ানাও জারি করা হয়েছে। সংশ্লিষ্ট আদালত সূত্র জানায়, দুই ধারার সাজা একসঙ্গে কার্যকর হবে। ফলে

আইন অনুযায়ী, তাকে সর্বোচ্চ পাঁচ বছর কারাভোগ করতে হবে। মামলার নথি অনুযায়ী, ২০২৩ সালের ৬ মার্চ দুর্নীতি দমন কমিশনের (দুদক) সহকারী পরিচালক মানসী বিশ্বাস রাজধানীর সংশ্লিষ্ট থানায় মামলাটি করেন। মামলায় অভিজিৎ অধিকারীর বিরুদ্ধে এক কোটি ২২ লাখ ৫০ হাজার টাকার জ্ঞাত আয়ের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ সম্পদের অভিযোগ আনা হয়। একইসঙ্গে নির্ধারিত সময়ের মধ্যে সম্পদ বিবরণী দাখিল না করার অভিযোগও উল্লেখ করা হয়। পরে তদন্ত শেষে ২০২৪ সালের ৫ মে দুদকের উপ-পরিচালক নাজমুল হুসাইন আদালতে অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে তার বিরুদ্ধে এক কোটি ৩৫ লাখ ৫ হাজার ২৮৪ টাকার অবৈধ সম্পদ অর্জনের তথ্য তুলে ধরা হয়। চলতি বছরের ১৩ মার্চ আদালত অভিযোগ গঠনের মাধ্যমে মামলার বিচার শুরু করেন। বিচারিক কার্যক্রমে পাঁচজন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ শেষে আদালত এ রায় ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## পাখির আঘাতে উড়োজাহাজের ক্ষতি ঠেকাতে বাংলাদেশকে সহায়তা দিতে চায় ইতালি

বাংলাদেশের বিমানবন্দরগুলোতে ‘বার্ড স্ট্রাইক’, তথা পাখির আঘাতে উড়োজাহাজের ক্ষয়ক্ষতি প্রতিরোধে ‘বার্ড কন্ট্রোল ম্যানেজমেন্ট সিস্টেম’, (বিসিএমএস) চালুর আগ্রহ প্রকাশ করেছে ইতালি। সোমবার (২২ জুন) সচিবালয়ে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খানমের সঙ্গে সাক্ষাৎকালে এ আগ্রহের কথা জানান বাংলাদেশে নিযুক্ত ইতালির রাষ্ট্রদূত আন্তোনিও আলেসান্দ্রো। আলোচনায় উঠে আসে, বাংলাদেশে, বিশেষ করে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মাঝেমধ্যেই পাখির উৎপাতে রানওয়ে থেকে উড়োজাহাজের উড্ডয়নে বিলম্ব ঘটে। পাখির আঘাতে বিভিন্ন সময়ে উড়োজাহাজের ক্ষয়ক্ষতিও হয়েছে। শীতকালে এ সমস্যা তুলনামূলক বেশি দেখা যায়। এ পরিস্থিতি মোকাবিলায় ইতালির ‘দ্য এজ কোম্পানি, কারিগরি সহায়তা দিতে আগ্রহী বলে জানান দেশটির রাষ্ট্রদূত। পরে এক সংবাদ বিজ্ঞপ্তিতে মন্ত্রণালয় জানায়, মন্ত্রীর সঙ্গে ইতালির রাষ্ট্রদূতের বৈঠককে দুই দেশের সম্পর্ক আরও জোরদারের বিষয়েও গুরুত্বারোপ করা হয়। রাষ্ট্রদূত ইতালির অর্থনীতিতে প্রায় আড়াই লাখ বাংলাদেশি কর্মীর অবদানের জন্য বাংলাদেশকে ধন্যবাদ জানান। এ সময় বিমান মন্ত্রী দেশের প্রবাসীদের সুবিধার্থে ঢাকা-রোম রুটে বিমানের ফ্লাইট সংখ্যা বাড়ানোর ওপর জোর দেন। রাষ্ট্রদূত এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আশ্বাস দেন। এছাড়া, ইতালির রাষ্ট্রদূত বাংলাদেশি উড়োজাহাজ-সংশ্লিষ্ট টেকনিশিয়ানদের উন্নত প্রশিক্ষণের জন্য ‘ফ্লাইঅন অ্যারো, কোম্পানির একটি প্রশিক্ষণ একাডেমি প্রতিষ্ঠার আগ্রহের বিষয়েও বিস্তারিত তুলে ধরেন। মন্ত্রী দেশের বিমান খাতের উন্নয়নে ইতালির সঙ্গে যৌথভাবে কাজ করার আগ্রহ প্রকাশ করেন। পাশাপাশি বিমানবন্দর সম্প্রসারণে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) মডেলে বিদেশি বিনিয়োগের বিষয়েও উভয়পক্ষের মধ্যে আলোচনা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## চলতি বছর ডেঙ্গুতে আক্রান্ত ৫ হাজার ছাড়ালো

সারাদেশে ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও একজনের মৃত্যু হয়েছে। এসময়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১৩৯ জন ডেঙ্গুরোগী। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে ১০ জনে এবং শনাক্ত রোগী বেড়ে পাঁচ হাজার ৩৯ জনে দাঁড়িয়েছে। সোমবার (২২ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, গত ২৪ ঘণ্টায় যারা ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন, তাদের মধ্যে বরিশাল বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৪৬ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ১৪ জন, ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ১২ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে (ডিএনসিসি) ১৬ জন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে (ডিএসসিসি) ২১ জন, খুলনা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ১৬ জন, ময়মনসিংহ বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) একজন, রাজশাহী বিভাগে ৯ জন, রংপুর বিভাগে একজন ও সিলেট বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) তিনজন রয়েছেন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২৪ ঘণ্টায় যে একজনের মৃত্যু হয়েছে তিনি মারা গেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে। এছাড়া গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ১২৪ জন ডেঙ্গুরোগী। এ নিয়ে চলতি বছর আক্রান্ত রোগীদের মধ্যে ছাড়পত্র পেয়েছেন চার হাজার ৬৯২ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## দেশে টিভি চ্যানেল ৫৯টি, পত্রিকা ১৪৩৬ ও অনলাইন নিউজ পোর্টাল ৪৭৪টি : তথ্য ও সম্প্রচারমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন জানিয়েছেন, দেশে সরকারি ও বেসরকারি টিভি চ্যানেল ৫৯টি, পত্রিকা ১ হাজার ৪৩৬ এবং নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টাল ৪৭৪টি রয়েছে। এর মধ্যে রাষ্ট্রীয় মালিকানাধীন টিভি চ্যানেলের সংখ্যা ৪টি এবং অনাপত্তি দেওয়া বেসরকারি টিভি চ্যানেলের সংখ্যা ৫৫টি। এছাড়া বর্তমানে রাষ্ট্রীয় মালিকানাধীন ৪টিসহ ৩৯টি চ্যানেল সম্প্রচার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের ১২তম দিন সোমবার (২২ জুন) ঢাকা-১৯ আসনের সংসদ সদস্য দেওয়ান মোহাম্মদ সালাউদ্দিনের লিখিত প্রশ্নের জবাবে এসব তথ্য জানান তথ্য ও সম্প্রচার মন্ত্রী। বিকেল ৩টায় শুরু হওয়া সংসদ অধিবেশনের এ পর্যায়ে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। এদিন লিখিত প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। দেওয়ান মোহাম্মদ সালাউদ্দিন তার প্রশ্নে জানতে চান, এই মুহূর্তে দেশে প্রাইভেট টিভি চ্যানেল কতগুলো

এবং কী কী ? দৈনিক পত্রিকা এবং অনলাইন পত্রিকার সংখ্যা কতটি এবং কী কী ? জবাবে জহির উদ্দিন স্বপন বলেন , বর্তমানে দেশে রাষ্ট্রীয় মালিকানাধীন টিভি চ্যানেলের সংখ্যা ৪টি এবং অনাপত্তি প্রদানকৃত বেসরকারি টি ভি চ্যানেলের সংখ্যা ৫৫টি। বর্তমানে রাষ্ট্রীয় মালিকানাধীন ৪টিসহ ৩৯টি চ্যানেল সম্প্রচার কার্যক্রম চালিয়ে যাচ্ছে। মন্ত্রী জানান , সারাদেশ থেকে বর্তমানে প্রকাশিত দৈনিক পত্রিকার সংখ্যা ১ হাজার ৪৩৬টি। এর মধ্যে ঢাকা থেকে প্রকাশিত ৫৯৩টি ও অন্যান্য জেলা থেকে প্রকাশি ত ৮৪৩টি। নিবন্ধিত অনলাইন নিউজ পোর্টালের সংখ্যা ৪৭৪টি। এর মধ্যে অনলাইন নিউজ পোর্টাল ক্যাটাগরিতে ২৮২টি, দৈনিক পত্রিকার অনলাইন নিউজ পোর্টাল ক্যাটাগরিতে ১৩১টি ও অনলাইন নিউজ পোর্টাল (আঞ্চলিক) ক্যাটাগরিতে ৬১টি। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## সৌদির পরিচালনায় পূর্ণ সক্ষমতায় চালু হচ্ছে পতেঙ্গা কনটেইনার টার্মিনাল

চট্টগ্রাম বন্দরের পতেঙ্গা টার্মিনাল আগামী জুলাই মাসের মাঝামাঝি থেকে পূর্ণ সক্ষমতায় পরিচালিত হবে। সৌদি আরবভিত্তিক প্রতিষ্ঠান রেড সি গেটওয়ে টার্মিনাল (আরএসজিটি) প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের কাজ শেষ করা য় এ সক্ষমতা অর্জন হতে যাচ্ছে। নতুন চারটি গ্যান্ট্রি ক্রেন যুক্ত হওয়ায় কনটেইনার পরিবহণের গতি ও সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বাড়বে বলে জানিয়েছে প্রতিষ্ঠানটি। বাংলাদেশের সবচেয়ে বড়ো সমুদ্রবন্দর চট্টগ্রাম বন্দরের পতেঙ্গা টার্মিনাল ২০২৪ সালের জুন থেকে পরিচালনা করছে সৌদি আরবের প্রতিষ্ঠান আরএসজিটি। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সঙ্গে ২২ বছরের চুক্তির আওতায় টার্মিনালটি পরিচালনা করছে তারা। আরএসজিটি বাংলাদেশের বাণিজ্যিক ও জনসংযোগ বিভাগের প্রধান সাইয়েদ আরেফ সারওয়ার বলেন , টার্মিনালের অবকাঠামো উন্নয়ন , প্রযুক্তি স্থাপন এবং জনবল উন্নয়নের জন্য প্রতিষ্ঠানটিকে দুই বছর সময় দেওয়া হয়েছিল। তিনি বলেন , গত দুই বছর ছিল আমাদের সফট অপারেশন বা প্রস্তুতিকাল। শুক্রবার চারটি গ্যান্ট্রি ক্রেন আসার মাধ্যমে প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনের শেষ ধাপও সম্পন্ন হয়েছে। তার ভাষ্য , জুলাইয়ের মাঝামাঝি নতুন ক্রেন গুলো চালু হওয়ার পর থেকেই পতেঙ্গা টার্মিনাল পূর্ণ সক্ষমতায় পরিচালিত হবে। চীনের স্যানি (SANY) কোম্পানির তৈরি এই বিশেষ গ্যান্ট্রি ক্রেনগুলো একসঙ্গে দুটি ২০ ফুট কনটেইনার পরিচালনা করতে সক্ষম। সাইয়েদ আরেফ সারওয়ার বলেন , বাংলাদেশের কোনো বন্দরে এ ধরনের প্রযুক্তির ব্যবহার এবারই প্রথম। পুরো ব্যবস্থাটি বিদ্যুৎচালিত হবে। ফলে ক্রেন পরিচালনায় জীবাশ্ম জ্বালানি ব্যবহার করতে হবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## নিউমুরিং কনটেইনার টার্মিনালে আগুন, কার্যক্রম সাময়িক বন্ধ

চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনালে (এনসিটি) অগ্নিকাণ্ড ঘটেছে। এতে কিছু কনটেইনার পুড়ে গেছে। এ ঘটনায় সেখানে কার্যক্রম পরিচালনা সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানান , সোমবার (২২ জুন) দুপুর আড়াইটার দিকে টার্মিনালে দক্ষিণ দিকে চার নম্বর বার্থে একটি রাবার টায়ার্ড গ্যান্ট্রি (আরটিজি)-৪০১৪ ক্রেনে আগুনের সূত্রপাত হয়। এর পরপরই বন্দর এলাকায় সতর্কতা জারি করা হয়। আগুন দ্রুত ছড়িয়ে পড়লে জেটি এলাকায় আতঙ্কের সৃষ্টি হয়। তিন নম্বর জেটির সামনের ইয়ার্ডে থাকা কয়েকটি পণ্যবোঝাই কনটেইনারেও আগুন লাগে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একাধিক ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আ গুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা শুরু করে। চট্টগ্রাম বন্দরের সচিবের অতিরিক্ত দায়িত্বে থাকা মো . নাসির উদ্দিন বলেন , আগুনের খবর পাওয়ার সঙ্গে সঙ্গে চট্টগ্রাম বন্দর ফায়ার সার্ভিস দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যায়। পরে বাংলাদেশ নৌবাহিনীর ফায়ার ইউনিটের সদস্যরা যোগ দিলে যৌথ প্র চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## ৭০০ বছরের রেকর্ড ভঙ্গ, প্রকাশ্যে শাহজালাল মাজারের দানের টাকা গণনা চলছে

৭০০ বছরের রেকর্ড ভেঙে প্রথমবারের মতো প্রকাশ্যে সিলেটের হযরত শাহজালালের (রহ.) মাজারের দানবাক্সের টাকা গণনা করা হচ্ছে। সোমবার (২২ জুন) দুপুর আড়াইটার দিকে জেলা প্রশাসনের তত্ত্বাবধানে সিলগালা করা দানের বড়ো তিনটি ডেগের মুখ খোলা হয়। শাহজালাল মাদরাসার শিক্ষার্থীরা টাকা গণনায় অংশ নিয়েছেন। এর আগে , মাজারের ইতিহাসে এভাবে প্রকাশ্যে দানের টাকা গণনা করা হয়নি। হযরত শাহজালাল (রহ.) ও হযরত শাহপরাণের (রহ.) মাজারের আয়-ব্যয়ের স্বচ্ছতা আনতে উদ্যোগ নিয়েছিলেন সিলেটের জেলা প্রশাসক (সদ্য প্রত্যাহার) মো. সারওয়ার আলম। এতে দেশজুড়ে নানা আলোচনা -সমালোচনা দেখা দেয়। এরই মধ্যে রোববার (২১ জুন) জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক আদেশে সারওয়ার আলমকে জেলা প্রশা সকের পদ থেকে প্রত্যাহার করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব হিসেবে সংযুক্ত করা হয়। এ ঘটনায় সিলেট জুড়ে তোলপাড় চলছে। প্রত্যাহার করা জেলা প্রশাসক সারওয়ার আলমকে সিলেটে বহাল রাখার দাবিতে বিভিন্ন সংগঠনর ব্যানারে আন্দোলন চলছে। স্থানীয় সূত্রে জানা গেছে, জেলা প্রশাসনের তত্ত্বাবধানে পরিচালিত এই গণনা কার্যক্রমে মাদরাসার শিক্ষার্থীরা অংশ নিয়েছেন। পুরো কার্যক্রমে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত রয়েছেন। পাশাপাশি নিরাপত্তা নিশ্চিত করতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদেরও সতর্ক অবস্থানে দেখা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ :২২.০৬.২০২৬ রিহাব)

## `আমাকে গুলি করে বাসায় তালাবদ্ধ করে রেখেছে বাঁচান,

জাতীয় জরুরি সেবা ৯৯৯ নম্বরে গুলিবিদ্ধ অবস্থায় এক ব্যক্তির করা ফোনকলের সূত্র ধরে রাজশাহী মহানগরীর শাহ মখদুম থানার ছায়ানীড় আবাসিক এলাকায় অভিযান চালিয়েছে পুলিশ ও সিআইডির ফরেনসিক টিম। এসময় ঘটনাস্থল থেকে বিদেশি পিস্তল, গুলি, হ্যান্ড গ্রেনেড এবং বিস্ফোরক তৈরির বিভিন্ন উপকরণসহ বিপুল পরিমাণ আলামত উদ্ধার করা হয়। সোমবার (২২ জুন) ৯৯৯-এর পুলিশ পরিদর্শক (গণমাধ্যম ও জনসংযোগ কর্মকর্তা ) আনোয়ার সাত্তার এ তথ্য জানান। তিনি জানান , গত ২১ জুন ৯৯৯ নম্বরে ফোনকল করে ফয়সাল নামের এক ব্যক্তি কাতর কণ্ঠে বলতে থাকেন, `আমাকে গুলি করেছে। গুলি করে বাসার ভেতরে তালাবদ্ধ করে রেখেছে। আমাকে বাঁচান। , ফোনকলে এসময় তিনি দ্রুত পুলিশি সহায়তা চান। ফোনে তিনি রাজশাহী নগরীর শাহ মখদুম থানার ছায়ানীড় আবাসিক এলাকার একটি বা ড়িতে অবস্থানের কথা জানান। ৯৯৯-এর কলটেকার কনস্টেবল সাখাওয়াত কলটি গ্রহণ করে বিষয়টি তাৎক্ষণিকভাবে শাহ মখদুম থানায় অবহিত করেন। এসময় ৯৯৯ পুলিশ ডিসপাচার এএসআই শহিদুল ইসলাম উদ্ধার কার্যক্রমের সার্বিক সমন্বয় ও তদারকি করেন। খবর পেয়ে শাহ মখদুম থানার এসআই মমতাজউদ্দিন ফোর্স নিয়ে ছায়ানীড় আবাসিক এলাকার ওই বাড়ির পঞ্চম তলায় পৌঁছান। সেখানে গিয়ে পুলিশ দেখতে পায় , রাজশাহী নগর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মীর মোহাম্মদ তারেক খালেদসহ কয়েকজন ব্যক্তি গুলিবিদ্ধ ফয়সালকে কক্ষ থেকে বের করার চেষ্টা করছেন। পরে পুলিশের সহায়তায় তাকে উদ্ধার করে দ্রুত হাসপাতালে পাঠানো হয়। প্রাথমিক তল্লাশিতে ঘটনাস্থলের একটি বিছানার ওপর একটি পিস্তল , ম্যাগাজিন এবং গুলির খোসা দেখতে পায় পুলিশ। পরে শাহ মখদুম থানার ওসি ঘটনাস্থলে উপস্থিত হয়ে সিআইডির ফরেনসিক টিমকে আলামত সংগ্রহের জন্য অবহিত করেন। পুলিশ পরিদর্শক আনোয়ার সাত্তা র আরও জানান, সিআইডির ফরেনসিক টিম ঘটনাস্থল থেকে যুক্তরাষ্ট্রের তৈরি একটি ৭.৬৫ ক্যালিবারের পিস্তল, দুটি খালি ম্যাগাজিন, একটি তাজা কার্তুজ, একটি ব্যবহৃত কার্তুজের খোসা , গানপাউডার, একটি চাকু, বিস্ফোরক তৈরির বিভিন্ন উপাদান এবং একটি হ্যান্ড গ্রেনেডসহ মোট ২১ ধরনের আলামত উদ্ধার করে। উদ্ধার হওয়া ব্যক্তির নাম ফয়সাল ইবনে সেলিম শেখ (৩৫)। তিনি রাজশাহী নগরীর সাহেববাজার এলাকার বাসিন্দা। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## তৃতীয় টার্মিনালে গ্রাউন্ড হ্যান্ডলিংয়ে আগ্রহী সিঙ্গাপুরের এসএটিএস

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জা তিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনালে গ্রাউন্ড হ্যান্ডলিং সেবা দিতে আগ্রহ প্রকাশ করেছে সিঙ্গাপুরভিত্তিক বিমান পরিষেবা সংস্থা এসএটিএস। সোমবার (২২ জুন) বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, আজ মন্ত্রী আফরোজা খানমের সঙ্গে এসএ টিএস প্রতিনিধিদের বৈঠকে এ আগ্রহের কথা জানানো হয়। বৈঠকে মন্ত্রী এসএটিএসের আগ্রহকে স্বাগত জানান এবং যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে আনুষ্ঠানিক প্রস্তাব জমা দেওয়ার আহ্বান জানান। তিনি জানান , প্রস্তাবটি গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে। আলোচনায় বিমান পরিষেবা খাতে সহযো গিতার সম্ভাব্য ক্ষেত্র এবং বাংলাদেশের বিমানবন্দর পরিকাঠামো সম্প্রসারণ থেকে উদ্ভূত সুযোগগুলোর ওপর গুরুত্বারোপ করা হয়। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল চালু হলে যাত্রীসেবা সক্ষমতা ও পরিচালন দক্ষতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে ।এ কা রণে আন্তর্জাতিক বিভিন্ন বিমানসেবা প্রতিষ্ঠান বিমানবন্দর পরিচালনা ও সংশ্লিষ্ট সেবায় অংশ নিতে আগ্রহ দেখাচ্ছে। এসএটিএস এশিয়ার অন্যতম শীর্ষস্থানীয় বিমান পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠান , যা একাধিক আন্তর্জাতিক বিমানবন্দরে গ্রাউন্ড হ্যান্ডলিং, কার্গো এবং খাদ্য পরিষেবা প্রদান করে থাকে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## কালুরঘাটে অস্ত্র প্রদর্শন ও গুলির ঘটনায় শ্রমিক কল্যাণ ফেডারেশনের ক্ষোভ

চট্টগ্রাম নগরীর চান্দগাঁও থানার কালুরঘাট বিসিক শিল্প এলাকায় একটি পোশাক কারখানার সামনে প্রকাশ্যে অস্ত্র প্রদর্শন ও গু লি ছোড়ার ঘটনায় উদ্বেগ ও ক্ষোভ জানিয়েছে জামায়াতের শ্রমিক সংগঠন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন। সোমবার (২২ জুন) সংগঠনটির কেন্দ্রীয় সহ -সাধারণ সম্পাদক ও চট্টগ্রাম মহানগর সভাপতি এস এম লুৎফর রহমান এবং মহানগর সাধারণ সম্পাদক আবু তালেব চৌধুরী এক যৌথ বিবৃতিতে এ উদ্বে গ জানান। গণমাধ্যমে পাঠানো বিবৃতিতে নেতৃদ্বয় বলেন , প্রকাশ্যে অস্ত্রধারীদের এমন দৌরাত্ম্য কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। বিবৃতিতে নেতৃদ্বয় বলেন , সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দিনের আলোয় জনসম্মুখে আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও গুলি ছোড়ার দৃশ্য চট্টগ্রা মবাসীকে আতঙ্কিত করেছে। শিল্পাঞ্চলে এ ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ড আইন -শৃঙ্খলা পরিস্থিতির অবনতিরই বহিঃপ্রকাশ। যেখানে হাজার হাজার শ্রমিক প্রতিদিন জীবিকার তাগিদে কাজ করেন , সেখানে অস্ত্রধারীদের প্রকাশ্য দৌরাত্ম্য কোনোভাবেই গ্রহণযোগ্য হতে পারে না। তারা বলেন , কালুরঘাট বিসিক শিল্প এলাকা চট্টগ্রামের অন্যতম গুরুত্বপূর্ণ শিল্পাঞ্চল। এ অঞ্চলে যদি চাঁদাবাজ , সন্ত্রাসী ও আধিপত্যবাদী গোষ্ঠী প্রকাশ্যে অস্ত্রের মহড়া দেয়, তাহলে শ্রমিক, কর্মকর্তা-কর্মচারী, উদ্যোক্তা ও সাধারণ মানুষের নিরাপত্তা মারাত্মকভাবে বিঘ্নিত হবে। শিল্প-কারখানাকে কেন্দ্র করে চাঁদাবাজি, দখলবাজি ও আধিপত্য বিস্তারের অপচেষ্টা শুধু শিল্পের পরিবেশকেই ক্ষতিগ্রস্ত করে না, বরং দেশের অর্থনীতির জন্যও হুমকি সৃষ্টি করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## বর্তমানে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্যাতনের হার সবচেয়ে কম

বর্তমান সরকারের আমলে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্যাতনের হার সবচেয়ে কম বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন , দু-একটি বিচ্ছিন্ন ঘটনা ঘটলেও তাৎক্ষণিকভাবে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সোমবার (২২ জুন) সচিবালয়ে বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদের নেতারা সৌজন্য সাক্ষাতে এলে তিনি এ কথা বলেন। বাংলাদেশ পূজা উদ্‌যাপন পরিষদের সভাপতি বাসুদেব ধর ও সাধারণ সম্পাদক সন্তোষ শর্মার নেতৃত্বে আট সদস্যের এক প্রতিনিধিদল এই সাক্ষাতে অংশ নেন। এসময় প্রধানমন্ত্রীর হিন্দু , বৌদ্ধ, খ্রিষ্টান ও নৃ-গোষ্ঠী বিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) বিজন কান্তি সরকার উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা, সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিতকরণ , আসন্ন শারদীয় দুর্গাপূজায় আইন -শৃঙ্খলা নিয়ন্ত্রণ এবং অর্পিত সম্পত্তি আইনসহ হিন্দু সম্প্র দায়ের বিভিন্ন দাবি -দাওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এসময় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন , বর্তমান সরকার সাম্প্রদায়িক সম্প্রীতি ও সর্বজনীন অধিকারে দৃঢ়ভাবে বিশ্বাসী। বিগত ফ্যাসিস্ট আওয়ামী সরকারের আমলে কক্সবাজারের রামু, ব্রাহ্মণবাড়িয়ার নাসিরনগর ও কুমিল্লা সহ দেশের বিভিন্ন স্থানে সংখ্যালঘু নির্যাতনের যে -সব অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটেছে, তার তীব্র সমালোচনা করে তিনি বলেন, বর্তমান সরকারের আমলে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর নির্যাতনের হার সবচেয়ে কম। দু-একটি বিচ্ছিন্ন ঘটনা ঘটলেও প্রশাসন তাৎক্ষণিকভাবে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করেছে। সাক্ষাৎকালে পূজা উদ্‌যাপন পরিষদের নেতারা সংখ্যালঘু সম্প্রদায়ের যে -কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা তাৎক্ষণিকভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করার লক্ষ্যে একজন `ফোকাল পয়েন্ট, কর্মকর্তা নির্ধারণের দাবি জানান। মন্ত্রী অত্যন্ত সহানুভূতির সঙ্গে দাবিটি বিবেচনার এবং তা দ্রুত বাস্তবায়নের আশ্বাস দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## অপতথ্য ছড়ানো ১৬ ওয়েবসাইট ও শতাধিক এক্স অ্যাকাউন্ট শনাক্ত: তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, সংবাদপত্র ও টেলিভিশনের আদলে পরিচালিত হলেও প্রোপাগান্ডা ও অপতথ্য ছড়ায়- এমন ১৬টি ওয়েবসাইট চিহ্নিত করেছে ফ্যাক্ট-চেকিং প্ল্যাটফর্ম `বাংলাফ্যাক্ট,। একইসঙ্গে বিভ্রান্তিকর ও মিথ্যা তথ্য প্রচারে জড়িত ৩০০টির বেশি ফেসবুক অ্যাকাউন্ট এবং ১০০টি এক্স (সাবেক টুইটার) অ্যাকাউন্টও শনাক্ত করা হয়েছে। সোমবার (২২ জুন) জাতীয় সংসদের বাজেট অধিবেশনে জামালপুর -৩ আসনের সংসদ সদস্য মো . মোস্তাফিজুর রহমান বাবুলের লিখিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান তিনি। অধিবেশনে সভাপতিত্ব করেন স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ। এদিন লিখিত প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন করেন স্পিকার। মন্ত্রী বলেন , গুজব ও অপতথ্য মোকাবিলায় ফ্যাক্টচেকিং, সাংবাদিকতায় কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহারের দক্ষতা এবং তথ্য যাচাই-সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। পাশাপাশি প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) থেকে `শিকারী সাংবাদিকতা, শীর্ষক একটি গবেষণা গ্রন্থও প্রকাশ করা হয়ে ছে। গণমাধ্যমের স্বাধীনতার সুযোগ নিয়ে বিভ্রান্তিকর প্রচারণা ও অপপ্রচার রোধে সরকারের নেওয়া পদক্ষেপ সম্পর্কে জানতে চেয়ে করা প্রশ্নের জবাবে এসব তথ্য তুলে ধরেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:২২.০৬.২০২৬ রিহাব)

## এবার দেশের ৫ জেলায় বিজিবি মোতায়েন

দেশের অভ্যন্তরীণ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকি মোকাবিলায় দেশের ৫ জেলায় বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) মোতায়েন করা হয়েছে। জেলাগুলো হলো- কক্সবাজার, মাদারীপুর, শেরপুর, গাজীপুর ও মৌলভীবাজার। সোমবার (২২ জুন) রাতে বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরীফুল ইসলাম এ তথ্য জানান। তিনি বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে কক্সবাজার , মাদারীপুর, শেরপুর, গাজীপুর ও মৌলভীবাজার জেলায় বিজিবি মোতায়েন করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও আইন -শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে আজ সোমবার সন্ধ্যা থেকে ৩০ জুন পর্যন্ত বিজিবি সদস্যরা দায়িত্ব পালন করবে। এছাড়া দেশের অন্য জেলাগুলোতে প্রয়োজন অনুযায়ী তাৎক্ষণিকভাবে মোতায়েনের লক্ষ্যে বিজিবি সদস্যরা স্ট্যান্ডবাই থাকবে। বিজিবি দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা , জননিরাপত্তা নিশ্চিত করা এবং জাতী য় স্বার্থ সংশ্লিষ্ট যে -কোনো পরিস্থিতি মোকাবিলায় সর্বদা প্রস্তুত রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রুবাইয়া)

## ছয় জেলায় সশস্ত্র বাহিনীর কর্মকর্তাদের নির্বাহী ম্যাজিস্ট্রেসি ক্ষমতা

ছয় জেলায় সশস্ত্র বাহিনীতে কর্মরত সেনাবাহিনীর ক্যাপ্টেন ও তদূর্ধ্ব পদমর্যাদা র কমিশনড কর্মকর্তাদের বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা দিয়েছে সরকার। সোমবার (২২ জুন) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ বিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এতে বলা হয় , কার্যক্রম নিষিদ্ধ থাকা আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আইন -শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ছয় জেলায় সেনাবাহিনী মোতায়েন করা হয়েছে। ঢাকা মেট্রোপলিটন এলাকা, চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকা, গাজীপুর মেট্রোপলিটন এলাকা, নারায়ণগঞ্জ জেলা, গোপালগঞ্জ জেলা এবং ফরিদপুর জেলায় ২২ থেকে ৩০ জুন পর্যন্ত এ আদেশ কার্যকর থাকবে। এতে বলা হয়, `ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮,-এর ১২(১) ও ১৭ ধারা

অনুযায়ী এসব এলাকা ও এ সময়ের জন্য এই কর্মকর্তাদের বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করা হলো। কোস্টগার্ড ও বিজিবিতে প্রেষণে নিয়োজিত সমপদমর্যাদার কর্মকর্তারাও এ ক্ষমতার আওতাভুক্ত হবেন। প্রজ্ঞাপনে জানানো হয়, ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ৬৪, ৬৫, ৮৩, ৮৪, ৮৬, ৯৫(২), ১০০, ১০৫, ১০৭, ১০৯, ১১০, ১২৬, ১২৭, ১২৮, ১৩০, ১৩৩ এবং ১৪২ অনুযায়ী অপরাধগুলোর ক্ষেত্রে এ ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রয়োগ করতে পারবেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রুবাইয়া)

## দেশে ৫টি কয়লাক্ষেত্রের সন্ধান মিলেছে, উৎপাদনে শুধু বড়পুকুরিয়া

বাংলাদেশে এ পর্যন্ত পাঁচটি কয়লাক্ষেত্র আবিষ্কৃত হয়েছে বলে জাতীয় সংসদকে জানিয়েছেন বিদ্যুৎ , জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। সোমবার (২২ জুন) সংসদে সংরক্ষিত মহিলা আসনের সরকারি দলের সদস্য সেলিনা সুলতানার টেবিলে উপস্থাপিত লিখিত প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। মন্ত্রী বলেন , দেশে আবিষ্কৃত পাঁচটি কয়লাক্ষেত্র হলো - দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লাক্ষেত্র , ফুলবাড়ি কয়লাক্ষেত্র ও দিঘীপাড়া কয়লাক্ষেত্র , রংপুরের খালাশপীর কয়লাক্ষেত্র এবং জয়পুরহাটের জামালগঞ্জ কয়লাক্ষেত্র। তিনি জানান , এসব কয়লাক্ষেত্রের মধ্যে শুধুমাত্র বড়পুকুরিয়া কয়লাক্ষেত্রের উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করে ২০০5 সাল থেকে বাণিজ্যিকভাবে কয়লা উত্তোলন করা হচ্ছে। দেশের একমাত্র উৎপাদনশীল এই কয়লাখনি থেকে নিয়মিত কয়লা উত্তোলন অব্যাহত রয়েছে এবং এর কার্যক্রম কখনও বন্ধ হয়নি। ইকবাল হা সান মাহমুদ বলেন , দেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে এবং স্থানীয় জ্বালানি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে অন্যান্য কয়লাক্ষেত্রের সম্ভাবনা ও উন্নয়ন কার্যক্রম নিয়ে বিভিন্ন পর্যায়ে কাজ চলছে। তিনি জানান, অবশিষ্ট চারটি কয়লাক্ষেত্রের মধ্যে ফুলবা ড়ি ও দিঘীপাড়া কয়লাক্ষেত্রের বিস্তারিত সম্ভাব্যতা সমীক্ষা (ফিজিবিলিটি স্টাডি ) ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। এসব সমীক্ষার মাধ্যমে কয়লা উত্তোলনের প্রযুক্তিগত , অর্থনৈতিক ও পরিবেশগত বিভিন্ন বিষয় পর্যালোচনা করা হয়েছে। খালাশপীর ও জামালগঞ্জ কয়লাক্ষেত্রে আংশিক সমীক্ষা সম্পন্ন হয়েছে। এ দুটি ক্ষেত্রের কয়লার মজুত , উত্তোলন পদ্ধতি ও বাণিজ্যিক সম্ভাবনা সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা পেতে বিস্তারিত সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হচ্ছে। মন্ত্রী বলেন , দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা পূরণে দেশীয় জ্বালানি সম্পদের অনুসন্ধান , উন্নয়ন ও ব্যবহারে সরকার গুরুত্ব দিচ্ছে। একইসঙ্গে পরিবেশ ও জনস্বার্থ বিবেচনায় রেখে কয়লাসহ অন্যান্য খনিজ সম্পদের টেকসই ব্যবস্থাপনার বিষয়েও সরকার কাজ করে যাচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রুবাইয়া)

## নজির স্থাপন করেই সিলেট ছাড়ছেন ডিসি সারওয়ার

নজিরবিহীন ঘটনার জন্ম দিয়ে সিলেট ছাড়ছেন সদ্য প্রত্যাহার হওয়া জেলা প্রশাসক (ডিসি) মো. সারওয়ার আলম। প্রায় ৭০০ বছরের ইতিহাসে কেউ যা করতে পারেননি , বিদায়ের আগ মুহূর্তে তিনি তা করে গেলেন। তার সাহসী পদক্ষেপেই হযরত শাহজালালের (রহ.) মাজারে মাত্র চার দিনে ১৭ লাখ ৬৫ হাজার ৫৪৯ টাকা জমা পড়ার খবর পেয়েছে সিলেটবাসী তথা পুরো দেশ। এর আগে , শত শত বছর ধরে শাহাজালাল মাজারের দানবাক্সে জমা পড়া টাকার কোনো হিসাব পাননি সিলেটবাসী। এই হিসাবে স্বচ্ছতা আনার উদ্যোগ নিতেই প্রত্যাহার হন আলোচিত জেলা প্রশাসক মো. সারওয়ার আলম। সাদাপাথর লুট কাণ্ডে আলোচিত স ময়ে জেলা প্রশাসক হিসেবে দায়িত্ব নিয়ে সিলেটে এসেছিলেন সারওয়ার। এবার শাহজালালের মাজারের মাত্র চারদিনের টাকার হিসাব দেখিয়ে ফের আলোচনার তুঙ্গে এসে সিলেট ছাড়ছেন তিনি। জেলা প্রশাসনের তথ্যমতে , সোমবার রাতে সিলেট ত্যাগ করবেন সদ্য প্রত্যাহার হওয়া জেলা প্রশাসক সারওয়ার আলম। তবে যাওয়ার আগে তিনি সিলেটের ইতিহাসে নজির স্থাপন করে গেছেন। তার এই নজির নতুন বিতর্ক ও আলোচনার জন্ম দিয়েছে। সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাঈদা পারভীন বলেন, `সোমবার রাতেই ডিসি সিলেট ছেড়ে যাওয়ার কথা রয়েছে। তিনি চলে যাওয়ার পর অতিরিক্ত জেলা ম্যা জিস্ট্রেট (এডিএম) ভারপ্রাপ্ত ডিসি হিসেবে দায়িত্ব পালন করবেন।, (জাগো নিউজ ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## আসুন, আমরা সকলে মিলে দেশের জন্য কিছু করার চিন্তা করি: তারেক রহমান

প্রধানমন্ত্রী তারেক রহমান প্রবাসীদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন , ”আসুন, আমরা সকলে মিলে দেশের জন্য কিছু করার চিন্তা করি, যাতে সকলে মিলে ভালো থাকতে পারি। „ রোববার স্থানীয় সময় রাত সাড়ে ১০টায় কুয়ালালামপুরে হোটেল শাংগ্রি লা হোটেলে প্রবাসী বাংলাদেশিদের একমতবিনিময় অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ আহ্বান জানান। তিনি বলেন , ”প্রবাসীদের উদ্দেশ্যে বলতে চাই, আজকে আমাদের কী দাবি আছে , সেটা থেকে বেরিয়ে এসে আসুন , আমরা চিন্তা করি, আমাদের কী কর্তব্য আছে দেশের প্রতি। „ প্রধানমন্ত্রী বলেন, ”আপনাদের প্রতি দেশবাসীর পক্ষ থেকে একটি অনুরোধ থাকবে , আসুন আজকে থেকে আমরা চিন্তা করি , আমরা কী করতে পারি দেশের জন্য। এটাই হোক আমাদের আজকের চিন্তা, আপনাদের কাছে এই আশা রাখছি।„ গত দেড় দশকে দেশে ফ্যাসিবাদী শাসনের কথা তুলে প্রধানমন্ত্রী বলেন, ”এ দেশ থেকে কেউ একজন , একটা গোষ্ঠী নিতে নিতে দেশটিকে একদম শেষ করে দিয়েছে।

দেশটাকে একদম ধ্বংস করে দিয়েছে। আমরা চেষ্টা করছি , বুকের রক্ত দিয়ে মা নুষ দেশকে স্বৈরাচার মুক্ত করেছে। এখন সবাই মিলে দেশটাকে গড়ে তুলি। রাত সাড়ে ৯টায় কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষে শাংগ্রি লা হোটেলে পৌঁছার পর মালয়েশিয়া প্রবাসীদের সাথে মতবিনিময় অনুষ্ঠানে যোগ দেন প্রধানমন্ত্রী। সাথে ছিলেন তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। দেশ গঠনের নিজের চিন্তা ও পরিকল্পনাগুলো প্রবাসীদের কাছে তুলে ধরেন প্রধানমন্ত্রী। বিএনপির নির্বাচনি অঙ্গীকারগুলো বিশেষ করে ফ্যামিলি কার্ড , কৃষক কার্ড, খাল পুনঃখননসহ বিভিন্ন কর্মসূচিগুলো নিয়ে কথা বলেন তারেক রহমান। তিনি বলেন , "আমি আমার চিন্তার কথাগুলো আপনাদেরকে বলেছি। দোয়া করবেন, যাতে এইগুলো বাস্তবায়ন আমরা করতে পারি। „ প্রধানমন্ত্রী নিজের পরিকল্পনাগুলো একে একে তুলে ধরেন। উপস্থিত প্রবাসীরা মনোযোগ দিয়ে প্রধানমন্ত্রীর বক্তব্য শোনেন এবং তার চিন্তাভাবনার প্রতি সমর্থন প্রকাশ করেন। বাংলাদেশের ভবিষ্যৎ উজ্জ্বল উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, "আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, বাংলাদেশের সামনে একটা অত্যন্ত সুন্দর এবং উজ্জ্বল ভবিষ্যৎ আছে। তবে এখানে একটা বিরাট 'তবে' আছে। তবে হচ্ছে যে , আমাদেরকে এর জন্য পরিশ্রম করতে হবে, আমাদেরকে এর জন্য কষ্ট করতে হবে এবং সবচেয়ে বড়ো বিষয়টি হচ্ছে যে, আমাদেরকে এর জন্য ধৈর্য ধারণ করতে হবে।„ তিনি বলেন, "আমি আসার সময় কুয়ালালামপুর থেকে রাস্তাগুলো অনেক পরিষ্কার লেগেছে আমার কাছে এবং এই পরিষ্কার করার কাজটি কিন্তু আমার দেশের ভাইরাই করছে। আমার দেশের ভাইরা যদি এখানে এত সুন্দর কাজ করতে পারে , তাহলে আমরা দেশে কেন পারব না ?„ প্রশ্ন রাখেন প্রধানমন্ত্রী। ১/১১ প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন , "দেখুন, বিশেষ করে ওয়ান -ইলেভেনের সময় এবং তারপরেও আমার সাথে, আমার মায়ের সাথে, আমার ভাইয়ের সাথে এমন অনেক ঘটনা ঘটেছে , যা কল্পনা করা যায় না। প্রধানমন্ত্রী বলেন, "এই মুহূর্তে বিএনপি দেশ পরিচালনার দায়িত্বে আছে। আমি প্রধানমন্ত্রী, আমি চাইলে ব্যক্তিগত আক্রোশ থেকে হয়ত অনেক কিছুর প্রতিশোধ নিতে পারি। কিন্তু আমি যদি সেটা করি , তাতে উপকার কী হবে, বলতে পারেন? কারো উপকার হবে না। তাই এই প্রতিশোধ , প্রতিহিংসা থেকে আমাদের বের হয়ে আসতে হবে। „ উপস্থিত প্রবাসীদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, "আপনারা প্রবাসী, অবশ্যই দেশের প্রতি আপনাদের দাবি আছে। পাশাপাশি, দেশের প্রতি আপনাদের কর্তব্যও আছে।„ তিনি বলেন, "প্রবাসী হিসেবে আপনার যেমন দেশের প্রতি কর্তব্য আছে, দেশি হিসেবে আমাদেরও দেশের প্রতি কর্তব্য আছে। আসুন, আমাদের কী দাবি আছে, সেটা থেকে বেরিয়ে এসে চিন্তা করি, দেশের প্রতি আমাদের কী কর্তব্য আছে। আমরা দেশ থেকে কী নেবো এই মানসিকতা থেকে বেরিয়ে আসতে হবে। „ তিনি প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ার পর মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম তাকে প্রথম শুভেচ্ছা জানিয়ে ছেন বলে উল্লেখ করেন তারেক রহমান। তিনি বলেন, "আমি আমাদের প্রবাসী ভাইদের জন্য সর্বোচ্চ সুবিধা আদায়ের লক্ষ্যে এ দেশের সরকার প্রধানের সঙ্গে কথা বলব। চেষ্টা করব , এ দেশের আইনের মধ্যে থেকে সর্বোচ্চটা আদায় করতে। প্রথমেই প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন হাইকমিশনার মঞ্জুরুল করীম। দুইদিনের সরকারি সফরে আগামীকাল সোমবার সকালে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সাথে একান্ত বৈঠক করবেন তারেক রহমান।(রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ এলিনা)

## জুনের ২০ দিনেই দেশে এলো ১৯৫ কোটি ডলারের রেমিট্যান্স

চলতি জুন মাসের প্রথম ২০ দিনে দেশে ১৯৫ কোটি ৪০ লাখ মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, এ সময়ে প্রতিদিন গড়ে প্রায় ৯ কোটি ৭৭ লাখ ডলার করে প্রবাসী আয় দেশে প্রবাহিত হয়েছে। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদনে দেখা গেছে , ১ থেকে ২০ জুন পর্যন্ত মোট ১৯৫ কোটি ৩৯ লাখ ৬০ হাজার ডলার রেমিট্যান্স দেশে এসেছে। এর মধ্যে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৩৯ কোটি ৫৫ লাখ ৫০ হাজার ডলার। বিশেষায়িত ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৩৩ কোটি ৫৩ লাখ ১০ হাজার ডলার এবং বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে সর্বোচ্চ ১২১ কোটি ৮৮ লাখ ডলার। এছাড়া, বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৪২ লাখ ৯০ হাজার ডলার। রেমিট্যান্স প্রবাহের ধারাবাহিকতা চলতি অর্থবছর জুড়েই শক্তিশালী রয়েছে। এর আগে , মে মাসে দেশে আসে ৩৪২ কোটি ৫০ লাখ ৩০ হাজার ডলার, যা দেশের ইতিহাসে কোনো এক মাসে দ্বিতীয় সর্বোচ্চ রেমিট্যান্স প্রবাহ। আর মার্চ মাসে রেকর্ড ৩৭৫ কোটি ৫০ লাখ ৫০ হাজার ডলার রেমিট্যান্স আসে, যা একক মাস হিসেবে সর্বোচ্চ। এপ্রিল মাসে দেশে আসে ৩১২ কোটি ৭৩ লাখ ডলার, ফেব্রুয়ারিতে ৩০২ কোটি ৭ লাখ ৬০ হাজার ডলার এবং জানুয়ারিতে ৩১৭ কোটি ৯ লাখ ৪০ হাজার ডলার রেমিট্যান্স। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে মোট রেমিট্যান্স প্রবাহ দাঁড়িয়েছে ৩০ দশমিক ৩২ বিলিয়ন ডলার বা ৩ হাজার ৩২ কোটি ৮০ লাখ ডলারে। এটি দেশের ইতিহাসে কোনো একক অর্থবছরে সর্বোচ্চ প্রবাসী আয়ের নতুন রেকর্ড। অর্থনীতিবিদরা মনে করছেন, বৈধ চ্যানেলে অর্থ পাঠানোর প্রবণতা বৃদ্ধি এবং প্রবাসী আয়ের ধারাবাহিক প্রবৃদ্ধি দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ও সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব ফেলছে। (রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ এলিনা)

## সাইপ্রাসে নিখোঁজ বাংলাদেশি শিক্ষার্থীর মরদেহ উদ্ধার

সাইপ্রাসে নিখোঁজ হওয়া শাহরিয়ার আহমেদ ইমন নামক এক বাংলাদেশি শিক্ষার্থীর মরদেহ উদ্ধার করেছে দেশটির আইন-শৃঙ্খলা বাহিনী। এ ঘটনায় ২২ বছর বয়সি এক যুবককে গ্রেফতার করা হয়েছে। তদন্তকারীদের তথ্য অনুযায়ী , হত্যাকাণ্ড সংঘটনের পর অভিযুক্ত ব্যক্তি ইমনের পরিবারের কাছে মুক্তিপণ দাবি করেছিলেন। স্থানীয় সংবাদমাধ্যমের খবরে জানা যায়, গত ১২ জুন ওরোক্লিনি এলাকায় নিজের বাসা থেকে বের হওয়ার পর ইমনের আর কোনো খোঁজ পাওয়া যায়নি। তিনি কোফিনু অঞ্চলের একটি কারখানায় প্রথম কর্মদিবসে যোগ দিতে যাচ্ছেন বলে পরিচিতদের জানিয়েছিলেন। নিখোঁজ হওয়ার রাতে তিনি মোবাইল অ্যাপের মাধ্যমে এক বন্ধুকে নিজের অবস্থানের একটি লোকেশন পাঠান। এরপর থেকে তার সঙ্গে সব ধরনের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। পুলিশ জানিয়েছে , গ্রেফতার হওয়া সন্দেহভাজন ব্যক্তি জিজ্ঞাসাবাদে হত্যার দায় স্বীকার করেছেন। একইসঙ্গে হত্যাকাণ্ডে ব্যবহৃত অস্ত্র এবং নিহতের বিভিন্ন ব্যক্তিগত সামগ্রী কোথায় ফেলে রাখা হয়েছিল , সে সম্পর্কেও তথ্য দিয়েছেন। তদন্তে উঠে এসেছে , ইমন ও অভিযুক্তের পরিচয় হয়েছিল একটি বাসযাত্রার সময়। অভিযুক্ত দাবি করেছেন , সে সময় ইমনের আচরণে অপমানিত বোধ করেছিলেন। তবে পুলিশের ধারণা , ব্যক্তিগত ক্ষোভের পাশাপাশি অর্থ আদায়ে র উদ্দেশ্যও এই ঘটনার পেছনে কাজ করেছে। অভিযোগ অনুযায়ী , নিখোঁজ হওয়ার পাঁচদিন পর চাকরির প্রলোভন দেখিয়ে ইমনকে ওরোক্লিনি থেকে গাড়িতে তুলে কোফিনু এলাকায় নিয়ে যাওয়া হয়। সেখানে তাকে হত্যা করে মরদেহ গোপনে মাটিচাপা দেওয়া হয়। তদন্ত সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, হত্যার কয়েক ঘণ্টা পর অভিযুক্ত ব্যক্তি ইমনের মোবাইল ফোন ব্যবহার করে তার বাবার সঙ্গে যোগাযোগ করেন এবং মুক্তিপণ দাবি করেন। এর মাধ্যমে অপহরণের একটি ভুয়া নাটক তৈরি করে অর্থ হাতিয়ে নেওয়ার চেষ্টা করা হয়েছিল বলে ধারণা করা হচ্ছে। উদ্ধার হওয়া মরদেহটি পচনরত অবস্থায় পাওয়া গে ছে। প্রাথমিক তদন্তে পুলিশের ধারণা, নিখোঁজ হওয়ার রাতেই ইমন হত্যার শিকার হন। বর্তমানে মরদেহ উদ্ধারের স্থানকে কেন্দ্র করে ফরেনসিক বিশেষজ্ঞরা বিস্তারিত পরীক্ষা -নিরীক্ষা চালাচ্ছেন। পুলিশ জানিয়েছে, ঘটনার নেপথ্যের সব তথ্য উদ্ঘাটনে তদন্ত অব্যাহত রয়েছে। নিহত শাহরি য়ার আহমেদ ইমন নরসিংদীর রায়পুরা উপজেলার বাখরনগর এলাকার বাসিন্দা নাসির মিয়ার ছেলে।(রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ এলিনা)

## মালয়েশিয়ার সঙ্গে সংস্কৃতিবিষয়ক সমঝোতা স্মারক সই

মালয়েশিয়ার সঙ্গে সংস্কৃতিবিষয়ক একটি সমঝোতা স্মারক সই করেছে বাংলাদেশ। এছাড়া , সন্ত্রাসবাদ দমন সংক্রান্ত একটি ও বিনিয়োগ সংক্রান্ত একটি মোট দুইটি দ্বি -পাক্ষিক দলিল বিনিময় হয়েছে। সোমবার (২২ জুন) সকালে পুত্রজায়ায় মালয়েশিয়ায় প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে দুই দেশের প্রধানমন্ত্রীর নেতৃত্বে উচ্চ পর্যায়ের বৈঠকে এসব সমঝোতা ও দ্বিপা ক্ষিক দলিল বিনিময় হয়েছে বলে জানিয়েছে প্রধানমন্ত্রী উপ -প্রেসসচিব জাহিদুল ইসলাম রনি। প্রধানমন্ত্রীর প্রেস উইং জানায়, দুই দেশের মধ্যে দ্বিপক্ষীয় বৈঠকের পর বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান ও মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের উপস্থিতিতে সংস্কৃতি বি ষয়ক একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এ ছাড়া সন্ত্রাসবাদ দমন বিষয়ে গবেষণা ও সক্ষমতা বৃদ্ধিতে সহযোগিতা সংক্রান্ত একটি দলিল এবং বিনিয়োগ সংক্রান্ত একটি দ্বিপাক্ষিক দলিল বিনিময় করা হয়। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান এবং মালয়েশিয়ার পররাষ্ট্র মন্ত্রী দা তো সেরি উতামা হাজি মোহাম্মদ বিন হাজি হাসান নিজ নিজ দেশের পক্ষে দলিল বিনিময় করেন।(রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ এলিনা)

## মালয়েশিয়ার সঙ্গে বিনিয়োগ, পর্যটন ও প্রতিরক্ষা খাত নিয়ে যে-সব আলোচনা

মালয়েশিয়ার পুত্রজায়ায় আজ (সোমবার, ২২ জুন) দুই দেশের মধ্যে দ্বিপাক্ষি ক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে বাংলাদেশের নেতৃত্ব দেন প্রধানমন্ত্রী তারেক রহমান এবং মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিম। শ্রম সহযোগিতা, বাণিজ্য ও বিনিয়োগ , প্রতিরক্ষা সহযোগিতাসহ নানা বিষয় নিয়ে আলোচনা হয়। বৈঠকে উভয় নেতা দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প র্কের গুরুত্ব স্বীকার করে বলেন , বাংলাদেশ দক্ষিণ এশিয়ায় মালয়েশিয়ার দ্বিতীয় বৃহত্তম বাণিজ্যিক অংশীদার। অর্থনৈতিক সহযোগিতা আরও জোরদার করা এবং দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগের সুবিধার্থে দুই নেতা তাদের অঙ্গীকার ব্যক্ত করেন। মালয়েশিয়া -বাংলাদেশ মুক্ত বাণিজ্য চুক্তি (এমবিএফটিএ) নিয়ে আলোচনা শুরুর ক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে , তাকে দুই নেতা স্বাগত জানান। উভয়পক্ষই পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট , সর্বাঙ্গীণ ও ভবিষ্যতমুখী একটি চুক্তি ২০২৭ সালের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে আলোচনা এগিয়ে নেওয়ার প্রতিশ্রুতি ব্যক্ত করে, যা বর্তমান বৈশ্বিক বাণিজ্য অনুশীলনকে প্রতিফলিত করবে। দুই প্রধানমন্ত্রী মালয়েশিয়া -বাংলাদেশ জয়েন্ট বিজনেস কাউন্সিল (জেবিসি) প্রতিষ্ঠায় অর্জিত অগ্রগতিকে স্বাগত জানান। এটি দুই দেশের বেসরকারি খাতের মধ্যে কাঠামোগত সংলাপ ও সক্রিয় সহযোগিতা সহজতর করার পাশাপাশি ধারণা বিনিময়ের এ কটি গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া হিসেবে কাজ করবে। এর মাধ্যমে দ্বিপাক্ষিক অর্থনৈতিক , বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরও সম্প্রসারিত হবে। বাণিজ্য, বিনিয়োগ এবং স্থিতিশীল অর্থনৈতিক অংশীদারিত্ব বৃদ্ধির গুরুত্বের ওপর জোর দিয়ে নেতারা টেলিযোগাযোগ, জ্বালানি, অবকাঠামো (যেমন সড়ক , সেতু, এলিভেটেড এক্সপ্রেসওয়ে এবং ডিজিটাল পাবলিক ইনফ্রাস্ট্রাকচার), বন্দর ও লজিস্টিক, হালাল শিল্প, কৃষি প্রক্রিয়াজাত শিল্প, শিক্ষা ও দক্ষতা উন্নয়ন, ডিজিটাল অর্থনীতি,

সেমি-কন্ডাক্টর, স্মার্ট ম্যানুফ্যাকচারিং এবং অন্যান্য উচ্চমূল্যের শিল্প খাতে বৃহত্তর সহযোগিতাকে উৎসাহিত করেন। দুই দেশের সরকারি সংস্থা, বিনিয়োগ প্রসার সংস্থা, শিল্প সংগঠন ও ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে বিনিয়োগের সুযোগ, কারিগরি সহযোগিতা, দক্ষতা বৃদ্ধি, প্রযুক্তি হস্তান্তর, মেধা বিকাশ, বাণিজ্যিক সংযোগ এবং কৌশলগত অংশীদারিত্বের মাধ্যমে ঘনিষ্ঠ সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। নেতারা বৈশ্বিক ইসলামী অর্থনীতির উল্লেখযোগ্য বাণিজ্যিক সম্ভাবনার কথা স্বীকার করেন। হালাল ইকোসিস্টেমের উন্নয়নে মালয়েশিয়ার দক্ষতা ও ব্যাপক অভিজ্ঞতার স্বীকৃতি দিয়ে তারা বাংলাদেশের হালাল খাতের উন্নয়নে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদারে সম্মত হন। তারা হালাল ইকোসিস্টেমে সহযোগিতা বিষয়ক নোট বিনিময়কে স্বাগত জানান এবং মালয়েশিয়ার ডিপার্টমেন্ট অব ইসলামিক ডেভেলপমেন্ট (জেএকিআইএম) ও বাংলাদেশের সংশ্লিষ্ট নিয়ন্ত্রক কর্তৃপক্ষের মধ্যে চলমান সহযোগিতার প্রশংসা করেন। হালাল সনদ, নিয়ন্ত্রক কাঠামোর উন্নয়ন, পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধি, গবেষণা ও উদ্ভাবন, প্রশিক্ষণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন তারা। অর্থনৈতিক উন্নয়ন ও প্রতিযোগিতার চালিকাশক্তি হিসেবে ডিজিটাল রূপান্তরের ক্রমবর্ধমান গুরুত্বের স্বীকৃতি দিয়ে দুই দেশ কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই), ডিজিটাল অর্থনীতি, আর্থিক প্রযুক্তি, ডিজিটাল প্রশাসন, সাইবার নিরাপত্তা এবং অন্যান্য উদীয়মান প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা জোরদারে সম্মত হয়। এ প্রসঙ্গে দুই দেশের সরকারি সংস্থা, গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ও বেসরকারি খাতের অংশীদারদের মধ্যে সহযোগিতা ও ঘনিষ্ঠ সম্পর্ককে স্বাগত জানান নেতারা। তারা সক্ষমতা বৃদ্ধি, জ্ঞান বিনিময়, ডিজিটাল উন্নয়নে মালয়েশিয়ার দক্ষতার ব্যবহার এবং বাংলাদেশের ডিজিটাল অর্থনীতিতে মালয়েশিয়ার বিনিয়োগ বাড়ানোর বিষয়ে একমত হন। সেমিকন্ডাক্টর প্যাকেজিং, টেস্টিং এবং আউটসোর্সড সেমিকন্ডাক্টর অ্যাসেম্বলি অ্যান্ড টেস্ট (ওস্যাট) সেবায় মালয়েশিয়ার প্রতিষ্ঠিত বৈশ্বিক অবস্থানকে স্বীকৃতি দিয়ে নেতারা বাংলাদেশের দ্রুত বর্ধনশীল আইটি ও প্রকৌশল খাতের সঙ্গে এই পরিপক্ব ইকোসিস্টেমের সেতুবন্ধন গড়ে তোলার বিষয়ে সম্মত হন। বাংলাদেশ একটি দ্বিপাক্ষিক প্রতিভা সহযোগিতা কাঠামোর প্রস্তাব দেয়, যার আওতায় উভয় দেশ যৌথভাবে কাঠামোবদ্ধ কর্মসূচির মাধ্যমে বাংলাদেশি প্রকৌশল স্নাতকদের দক্ষতা বৃদ্ধি করবে। এতে বিশেষজ্ঞ বিনিময় এবং সর্বোত্তম অনুশীলন ভাগাভাগির বিষয়ও অন্তর্ভুক্ত থাকবে। এ ধরনের সহযোগিতা সেমিকন্ডাক্টর শিল্পে সরবরাহ শৃঙ্খলের স্থিতিস্থাপকতা এবং আঞ্চলিক সহযোগিতা জোরদারে ভূমিকা রাখতে পারে। মালয়েশিয়ায় প্রায় ১১ হাজার বাংলাদেশি শিক্ষার্থীর উপস্থিতি এবং দুই দেশের একাডেমিক বিনিময় ও আর্থসামাজিক সংযোগে তাদের ইতিবাচক অবদানের স্বীকৃতি দেন দুই নেতা। তারা কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা (টিভিইটি) খাতে গুরুত্ব দিয়ে বিশ্ববিদ্যালয়-টু-ইউনিভার্সিটি অংশীদারত্ব, যৌথ গবেষণা কার্যক্রমসহ শিক্ষা ক্ষেত্রে সহযোগিতা জোরদারে একমত হন।

উভয় পক্ষ পারস্পরিক স্বীকৃত যোগ্যতা, যৌথ ডিগ্রি পাঠক্রম এবং নমনীয় শিক্ষণপদ্ধতি সম্প্রসারণের ওপর জোর দেয়। দুই দেশের শ্রমবাজারের চাহিদা ও অগ্রাধিকারপ্রাপ্ত খাতগুলোর সঙ্গে শিক্ষা কর্মসূচির সমন্বয়ের গুরুত্বও তুলে ধরা হয়। উভয় নেতা পর্যটন সহযোগিতা সম্প্রসারণে আশাবাদ ব্যক্ত করেন। বিশেষ করে মালয়েশিয়ার `ভিজিট মালয়েশিয়া ২০২৬, (ভিএম ২০২৬) এবং `মালয়েশিয়া ইয়ার অব মেডিকেল ট্যুরিজম ২০২৬, (এমওয়াইএমটি ২০২৬) প্রচারণার আলোকে মালয়েশিয়া বাংলাদেশি পর্যটকদের উষ্ণ অভ্যর্থনা জানায়। একইসঙ্গে দুই দেশের মধ্যে পর্যটন উন্নয়ন ও সাংস্কৃতিক বিনিময় বৃদ্ধিতে সম্মতি জানানো হয়। দ্বিপাক্ষিক অর্থনৈতিক সম্পর্কের অন্যতম ভিত্তি হিসেবে জ্বালানি খাতে সহযোগিতা জোরদারের গুরুত্ব স্বীকার করে উভয় পক্ষ। পেট্রোনাস ও পেট্রোবাংলার মধ্যে সরাসরি আলোচনার মাধ্যমে এলএনজি সরবরাহ, এলএনজি অবকাঠামো, পেট্রোলিয়াম পণ্য এবং সংশ্লিষ্ট অবকাঠামো খাতে সহযোগিতা বিষয়ে বাংলাদেশ ও মালয়েশিয়া সরকারের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারককে পূর্ণাঙ্গভাবে কাজে লাগানোর ওপর জোর দেওয়া হয়। বঙ্গোপসাগরে তেল ও গ্যাস অনুসন্ধান, কয়লা ও চুনাপাথরের মতো অনাবিষ্কৃত খনিজ সম্পদ উত্তোলন এবং নবায়নযোগ্য জ্বালানিতে রূপান্তরসহ বাংলাদেশের জ্বালানি খাতে মালয়েশিয়ার কোম্পানিগুলোকে বিনিয়োগের আহ্বান জানানো হয়। উভয় পক্ষ সংশ্লিষ্ট জাতীয় জ্বালানি সংস্থা ও বেসরকারি খাতের অংশীদারদের মধ্যে সহযোগিতা বৃদ্ধিকে উৎসাহিত করে এবং দীর্ঘমেয়াদি ও পারস্পরিক সুবিধাজনক অংশীদারত্ব গড়ে তোলার বিষয়ে একমত হয়। দুই দেশের নেতারা প্রতিরক্ষা সহযোগিতার ক্ষেত্রে দীর্ঘদিনের চমৎকার সম্পর্কের প্রশংসা করেন। নিয়মিত উচ্চপর্যায়ের সামরিক সফর, প্রশিক্ষণ কর্মসূচি এবং নৌবন্দর সফরের মাধ্যমে এ সম্পর্ক আরও সুদৃঢ় হয়েছে। সামরিক বিজ্ঞান, কারিগরি দক্ষতা ও প্রতিরক্ষা শিল্পে কৌশলগত সহযোগিতা সম্প্রসারণে প্রতিরক্ষা সহযোগিতা বিষয়ক সমঝোতা স্মারক পূর্ণাঙ্গভাবে বাস্তবায়নের বিষয়ে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন তারা। একটি কাঠামোবদ্ধ প্রতিরক্ষা রোডম্যাপ প্রণয়নের জন্য প্রতিরক্ষা সহযোগিতা সম্পর্কিত দ্বিপাক্ষিক যৌথ কমিটি (জেসিডিসি) আহ্বানের প্রত্যাশাও ব্যক্ত করেন। নিজ নিজ ন্যাশনাল ডিফেন্স কলেজ এবং কমান্ড অ্যান্ড স্টাফ কলেজে পারস্পরিক আসন বরাদ্দ, পাঠ্যক্রম ও প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে প্রতিরক্ষা সক্ষমতা বৃদ্ধির ওপর জোর দেন দুই নেতা। জাতিসংঘের শান্তিরক্ষা অভিযানে যৌথ কৌশলগত মহড়া, মোতায়েন-পূর্ব প্রশিক্ষণ সহযোগিতা এবং বিশেষজ্ঞ ও জ্ঞান বিনিময়ের মাধ্যমে সহযোগিতা বাড়ানোর প্রতিশ্রুতিও পুনর্ব্যক্ত করা হয়। গোয়েন্দা তথ্য বিনিময়, দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণ কর্মসূচি এবং সর্বোত্তম পদ্ধতি

ভাগাভাগির মাধ্যমে সন্ত্রাসবাদ ও সহিংস চরমপন্থা মোকাবিলায় দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদারের বিষয়েও একমত হন তারা। উভয় নেতা দীর্ঘস্থায়ী রো হিঙ্গা সংকট নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ার ক্ষেত্রে বাংলাদেশের মানবিক ভূমিকার প্রশংসা করে মালয়েশিয়া বাংলাদেশের প্রতি সংহতি পুনর্ব্যক্ত করে। মিয়ানমারে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিরাপদ , মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনে র মাধ্যমে সংকটের স্থায়ী সমাধান অর্জনের প্রচেষ্টায় সমর্থন অব্যাহত রাখার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে মালয়েশিয়া। আসিয়ান , ওআইসি, জাতিসংঘ এবং অন্যান্য বহুপাক্ষিক ফোরামে রোহিঙ্গা ইস্যুতে মালয়েশিয়ার ধারাবাহিক সমর্থনের জন্য বাংলাদেশ কৃতজ্ঞতা প্রকাশ করে। এছাড়া জলবায়ু পরিবর্তন, খাদ্য নিরাপত্তা, মানবপাচার এবং আন্তঃদেশীয় অপরাধের মতো প্রচলিত ও অপ্রচলিত নিরাপত্তা চ্যালেঞ্জ মোকাবিলায় যৌথ উদ্যোগের গুরুত্বের ওপর জোর দেন দুই নেতা। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় সমন্বিত ও সর্বাঙ্গীণ উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তাও তুলে ধরেন তারা। (রেডিও টুডে ওয়েব পেজ : ২২.০৬.২০২৬ এলিনা)

## স্বাস্থ্যমন্ত্রীকে সভাপতি করে জাতীয় ঔষধ উপদেষ্টা পরিষদ গঠন

দেশের ঔষধ খাতের উন্নয়ন, জাতীয় ঔষধ নীতি বাস্তবায়ন ও অত্যাবশ্যকীয় ঔষধের প্রাপ্যতা নিশ্চিত করতে `জাতীয় ঔষধ উপদেষ্টা পরিষদ , গঠন করেছে সরকার। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মন্ত্রীকে সভাপতি করে ২২ সদস্যবিশিষ্ট এ পরিষদ গঠন করা হয়েছে। গতকাল (রোববার, ২১ জুন) মন্ত্রিপরিষদ বিভাগের কমিটি বিষয়ক অধিশাখা থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয় , যা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। প্রজ্ঞাপন অনুযায়ী, পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী। সদস্য হিসেবে রয়েছেন - স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী, প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান, অর্থ বিভাগের সচিব, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব , খাদ্য মন্ত্রণালয়ের সচিব , শিল্প মন্ত্রণালয়ের সচিব , বিদ্যুৎ বিভাগের সচিব , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ অধিদপ্তরের মহাপরিচালক , বাংলাদেশ মেডিকেল বিশ্ব বিদ্যালয়ের উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য , বাংলাদেশ ফার্মেসি কাউন্সিলের সচিব , ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের চেয়ারম্যান , ঢাকা বিশ্ববিদ্যালয়ের জৈব রসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান , এফবিসিসিআই,র সভাপতি , বাংলাদেশ অ্যাসোসিয়ে শন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সভাপতি ও বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটির সভাপতি। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিব পরিষদের সদস্য -সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। (রেডিও টুডে ওয়েব পেজ: ২২.০৬.২০২৬ এলিনা)

## সব বাহিনীকেই সতর্ক থাকার নির্দেশনা দেওয়া হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীকে কেন্দ্র করে সব বাহিনীকেই সতর্ক থাকার নির্দেশনা দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, কার্যক্রম নিষিদ্ধ মাফিয়া বাহিনী আওয়ামী লীগের কিছু অপতৎপরতা লক্ষ্য করা যাচ্ছে। বিভিন্ন বিভাগে আমরা দেখেছি. তারা মিছিল-মিটিংয়ের মতো দুই-একটা কার্যক্রম হাতে নিয়েছে। আমাদের মনে হয়েছে, তারা অস্থিরতা সৃষ্টির পাঁয়তারা করলেও করতে পারে। এ বিবেচনায় আমাদের সব বাহিনীকে সতর্ক থাকার নির্দেশনা দেওয়া হয়েছে। সোমবার সচিবালয়ে গণমাধ্যমকে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী। সেনাসদস্য মোতায়েনের বিষয়ে সালাহউদ্দিন আহমদ বলেন, ২২ জুন থেকে ৩০ জুন পর্যন্ত কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে নাশকতা এড়াতে ঢাকা, গাজীপুর, নারায়ণগঞ্জ, ফরিদপুর, গোপালগঞ্জ, চট্টগ্রামে ইন এইড টু সিভিল পাওয়ারে সেনা মোতায়েন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। যাতে যে-কোনো রকমের অপতৎপরতা এড্রেস করা যায়। তিনি আরও বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ের তুলনায় দেশে এখন আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবশ্যই ভালো হয়েছে। তবে ১১ দল আইন-শৃঙ্খলা নিয়ে যা বলেছে, তা নিয়ে সঠিক তথ্য উপস্থাপন করতে হবে। বিরোধী দলের সভা সমাবেশ করা গণতান্ত্রিক অধিকার। সরকার নিজের অবস্থানে ঠিক থাকবে। এসময় আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী প্রসঙ্গে আরেকটি প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, `আওয়ামী লীগ নামে কোনো সংগঠন তো নাই এখন!,
(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৬.২০২৬ আসাদ)

## এনসিটিতে ক্রেনে আগুন কনটেইনার ওঠানামা বন্ধ

চট্টগ্রাম বন্দরের নিউমুরিং কনটেইনার টার্মিনালের এনসিটি তিন নম্বর জেটিতে রাবার টায়ার্ড গ্যান্ট্রি ক্রেনে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। ফলে জেটিতে কনটেইনার ওঠানামা ও স্থানান্তর কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। সোমবার দুপুরে আড়াইটার দিকে আগুনের ঘটনা ঘটে। বন্দর সূত্র জানায়, এনসিটির তিন নম্বর জেটিতে কনটেইনার স্থানান্তরের কাজে ব্যবহৃত একটি আরটিজি ক্রেনের ইঞ্জিনে আগুনের সূত্রপাত হয়। ঘটনার পরপরই ফায়ার সার্ভিসের একাধিক ইউনিট জেটিতে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। তবে বিকেল সোয়া ৩টা পর্যন্ত আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। এ সময় জেটির সামনের ইয়ার্ড এলাকায় থাকা কয়েকটি পণ্যভর্তি কনটেইনারে আগুনের প্রভাব পড়েছে বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন। চট্টগ্রাম বন্দরের ভারপ্রাপ্ত সচিব নাসির উদ্দিন আগুন লাগার বিষয়টি নিশ্চিত করে

বলেন, ”ঘটনাস্থলে ফায়ার সার্ভিস কাজ করছে। আগুন নিয়ন্ত্রণে এলে ক্ষয়ক্ষতির পরিমাণ এবং আগুনের কারণ তদন্ত করে দেখা হবে।„ বন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট জেটিতে কনটেইনার পরিচালনা কার্যক্রম সীমিত রাখা হবে। আগুন নিয়ন্ত্রণে আসার পর প্রয়োজনীয় নিরাপত্তা পরীক্ষা শেষে কার্যক্রম পুনরায় চালু করা হবে (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৬.২০২৬ আসাদ)

## ১৭ বছর পর ইংল্যান্ডে টেস্ট খেলতে যাচ্ছে বাংলাদেশ

অস্ট্রেলিয়ার বিপক্ষে অ্যাশেজ শুরুর আগে বাংলাদেশের বিপক্ষে টেস্টে মুখোমুখি হবে ইংল্যান্ড। ম্যাচটি আগামী বছরের মে মাসের শেষ দিকে অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। ২০১০ সালে সবশেষ ইংল্যান্ডে টেস্ট খেলতে গিয়েছিল বাংলাদেশ। তাতে প্রায় ১৭ বছর পর ইংলিশদের মাটিতে সাদা পোশাকের ম্যাচ খেলতে যাচ্ছে টাইগাররা। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের বাইরে ইংল্যান্ডের বিপক্ষে মুখোমুখি হতে যাচ্ছে লাল-সবুজের দল। তবে ম্যাচের সম্ভাব্য সময় জানা গেলেও ভেন্যু নির্ভর করছে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল ম্যাচের ওপর। তবে লডর্স বা ওভালেই একমাত্র টেস্টটি আয়োজন করার সম্ভাবনা বেশি। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৬.২০২৬ আসাদ)

## দায়িত্ব ছাড়লেন সারওয়ার আলম, সিলেটের ভারপ্রাপ্ত ডিসি পিংকি সাহা

জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রত্যাহারের আদেশের পর সিলেটের জেলা প্রশাসকের দায়িত্ব হস্তান্তর করেছেন মো. সারওয়ার আলম। নতুন জেলা প্রশাসক যোগ না দেওয়া পর্যন্ত সিলেটের ভারপ্রাপ্ত ডিসি হিসেবে দায়িত্ব পালন করবেন জেলার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট পিংকি সাহা। সোমবার বিকেলে আনুষ্ঠানিকভাবে এ দায়িত্ব হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়। সোমবার রাতে বিষয়টি সংবাদমাধ্যমকে নিশ্চিত করেছেন বর্তমান ভারপ্রাপ্ত জেলা প্রশাসক পিংকি সাহা। তিনি জানান, বিকেল ৫টার দিকে বিদায়ী জেলা প্রশাসক তার কাছে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব বুঝিয়ে দিয়েছেন। নির্ধারিত প্রক্রিয়া শেষে মঙ্গলবার  সিলেট ত্যাগ করবেন সারওয়ার আলম। প্রশাসন সূত্র জানায়, নতুন জেলা প্রশাসক নিয়োগ না হওয়া পর্যন্ত জেলা প্রশাসনের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিক রাখতে বর্তমান ভারপ্রাপ্ত জেলা প্রশাসক রুটিন দায়িত্ব পালন করবেন। এ বিষয়ে পিংকি সাহা বলেন, ‶নতুন কেউ যোগ দেওয়ার আগ পর্যন্ত আমি রুটিন দায়িত্বে থাকব। সবার সহযোগিতা পেলে কাজগুলো সহজ হবে।, (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৬.২০২৬ আসাদ)

## ভিসা ও কনস্যুলার ফি বিদেশে পাঠানো সহজ করল বাংলাদেশ ব্যাংক

দেশে সংগৃহীত ভিসা ও কনস্যুলার ফি বিদেশে পাঠানোর প্রক্রিয়া সহজ করতে নতুন নির্দেশনা জারি করেছে বাংলাদেশ ব্যাংক। নতুন ব্যবস্থায় স্থানীয় ভিসা প্রসেসিং এজেন্টরা অনুমোদিত ডিলার ব্যাংকের মাধ্যমে গ্রাহকদের কাছ থেকে সংগ্রহ করা ফি সংশ্লিষ্ট দূতাবাস, তাদের বিদেশস্থ কার্যালয় বা নির্ধারিত ব্যাংক হিসাবে পাঠাতে পারবে। বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ থেকে আজ সোমবার এ সংক্রান্ত একটি সার্কুলার জারি করা হয়। সার্কুলারে বলা হয়, ভিসা ও কনস্যুলার ফি বিদেশে পাঠানোর ক্ষেত্রে কয়েকটি শর্ত অনুসরণ করতে হবে। ভিসা ফি অবশ্যই সংশ্লিষ্ট দূতাবাস নির্ধারিত হারে সংগ্রহ করতে হবে। একইসঙ্গে দূতাবাস বা তাদের অনুমোদিত প্রতিষ্ঠানের ইস্যুকৃত ইনভয়েস সংরক্ষণ বাধ্যতামূলক থাকবে। এ ছাড়া প্রতিটি আবেদনকারীর কাছ থেকে সংগৃহীত ফি সংক্রান্ত বিস্তারিত তথ্য সংযুক্ত রাখতে হবে। বিদেশে অর্থ প্রেরণের আগে প্রযোজ্য সব ধরনের কর যথাযথভাবে কর্তন করা হয়েছে কি না, তাও নিশ্চিত করতে হবে। নতুন এ নির্দেশনার ফলে ভিসা ফি পরিশোধ ও বিদেশে প্রেরণের প্রক্রিয়া আরও সহজ, দ্রুত এবং সুশৃঙ্খল হবে। একইসঙ্গে এ ধরনের লেনদেনে স্বচ্ছতা ও জবাবদিহিতাও বাড়বে বলে মনে করছে বাংলাদেশ ব্যাংক। (রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৬.২০২৬ আসাদ)

## প্রধানমন্ত্রী চীনের দালিয়ানে পৌঁছেছেন

প্রধানমন্ত্রী তারেক রহমান মালয়েশিয়ায় দুইদিনের সরকারি সফর শেষে কুয়ালালামপুর থেকে আজ এখানে পৌঁছেছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সহধর্মিণী ডা. জুবাইদা রহমানকে বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট স্থানীয় সময় রাত ১১টা ৫ মিনিটে দালিয়ান ঝৌশুইজি আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে বলে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানান। লিয়াওনিং প্রদেশের ভাইস গভর্নর এবং চীনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত বিমানবন্দরে প্রধানমন্ত্রী ও তাঁর সহধর্মিণীকে স্বাগত জানান। বিমানবন্দর থেকে প্রধানমন্ত্রীকে মোটর শোভাযাত্রা সহকারে হোটেল শাংগ্রি-লা,তে নিয়ে যাওয়া হয়। এখানে তিনি দুইদিন অবস্থান করবেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২২.০৬.২০২৬ আসাদ)

# BBC

## FIRST ROUND OF US-IRAN TALKS ENDS WITH ENCOURAGING PROGRESS: MEDIATORS

The first round of negotiations between the US and Iran to reach a final deal to end the war has ended with "encouraging progress", mediators Qatar and Pakistan say. In a joint statement early on Monday, Qatar and Pakistan said that a "High Level Committee" had

agreed to "a roadmap towards reaching a final deal within 60 days". Iran's foreign minister Sayed Abbas Araghchi said there had been "major progress" towards ending the conflict in Lebanon. The memorandum of understanding (MoU) signed last week includes a commitment to ending the fighting on "all fronts" - including Lebanon - and the reopening of the Strait of Hormuz. "Pakistani and Qatari mediation has delivered major progress to end Lebanon War," Araghchi posted on social media. (BBC News Web Page: 22/06/26, FARUK)

**TRUMP-BACKED POLITICAL OUTSIDER WINS COLOMBIA ELECTION, INITIAL COUNT SHOWS**

Right-wing candidate Abelardo de la Espriella has narrowly won Colombia's presidential election, an initial vote count shows, marking a dramatic shift in how the government will tackle the country's internal armed conflict and violence. De la Espriella, who was endorsed by Donald Trump, has pledged a military crackdown on illegal armed groups, drug trafficking and crime. He appeared to defeat left-wing Ivan Cepeda, a close ally of the president, Gustavo Petro. With over 99% of votes counted, de la Espriella had won nearly 49.7% of the vote, while Cepeda won 48.7%, according to an initial count of the runoff election.

(BBC News Web Page: 22/06/26, FARUK)

**LARGEST EVER COCAINE BUST IN AUSTRALIA AFTER POLICE RAID UNDERGROUND BUNKER**

Australian police have seized 2.7 tonnes of cocaine - the country's largest ever such bust - from an underground bunker system in western Sydney. The drugs, with an estimated street value of A$816m, were found on Friday in compartments concealed beneath false floors in three shipping containers at a property in Londonderry. Two men aged 21 and 25, who allegedly attempted to flee from police, were arrested at the scene and charged with possessing a commercial quantity of an unlawfully imported border-controlled drug. Police say the cocaine was smuggled into Australia via the small town of Midge Point in North Queensland on the orders of an organized crime group. The two men, who were remanded in custody after appearing in court on Saturday, face life in prison if convicted.

(BBC News Web Page: 22/06/26, FARUK)

**RUSSIAN TROOP BUILD-UP THREATENS CITY SEEN AS KEY TO SEIZING UKRAINE'S DONBAS**

Russian troops have infiltrated the strategic city of Kostyantynivka in eastern Ukraine and are now trying to surround it. The entire city is now effectively in a "grey zone", no longer controlled by anyone, Ukrainian soldiers have told the BBC. "They get into areas behind our backs and in urban conditions it's extremely difficult to push them out," says a Ukrainian drone pilot who operates in that area and prefers to remain anonymous. Kostyantynivka is a gateway to the rest of the Donbas region. If it falls, Russian forces would be able push towards Ukraine's last remaining strongholds in the east, the cities of Kramatorsk and Sloviansk, and move closer to seizing Donbas completely, one of the Kremlin's key objectives in this war. (BBC News Web Page: 22/06/26, FARUK)

**JAPAN QUINTUPLES VISA FEES IN FIRST PRICE HIKE SINCE 1978**

Japan has implemented a five-fold increase to visa fees for all foreigners, marking the first price hike in nearly 50 years. From 1 July, single-entry visa fees will be raised from the current 3,000 yen to 15,000 yen, while multi-entry visas will now cost 30,000 yen, up from 6,000 yen. The visas fee revisions - the first since 1978 - were made to "reflect inflation and exchange rate fluctuations", Foreign Minister Toshimitsu Motegi told reporters on Friday. "We do not anticipate that it will have an immediate impact on inbound tourism," he added. The Japanese yen has been weakening continually since 2021, and is now hovering near historic 40-year lows. This, along with a post-pandemic travel rebound, has led to a surge in tourists to Japan. The country welcomed a record 42.7m international tourists last year. In May, Japan's Upper House enacted a bill to raise other fees relevant to foreigners.

(BBC News Web Page: 22/06/26, FARUK)

**SCHOOLS CLOSE AS MORE THAN HALF OF FRANCE UNDER RED HEAT ALERTS**

Forty-nine of France's 96 regions are under a red heat alert, as the country braces for sweltering temperatures due to an intensifying heatwave. Highs of more than 40C are expected across parts of western France on Monday, with temperatures expected to hit 42C in Bordeaux, according to weather forecaster Meteo-France. Some 845 schools have been shut for the day, while a further 1,800 are allowing pupils to finish classes early, according to

the ministry of education. But more than a million high school students are due to take their oral final exams for the baccalaureate amid the soaring heat. The French government has warned people not to try to cool off in unsupervised areas such as lakes and rivers, after 13 drowning deaths at the weekend. Dozens of other regions in France are under an orange alert, with an estimated 63 million people in total affected across the country.
(BBC News Web Page: 22/06/26, FARUK)

**THREE DEAD IN PHILIPPINES HIGH SCHOOL SHOOTING OVER BULLYING 'GRUDGE'**

Three students have been killed and more injured after two of their peers opened fire at a high school in central Philippines, police say. Investigators believe the suspects, aged 14 and 15, were motivated by a "grudge" over bullying. One was arrested soon after the shooting at the San Jose National High School in Tacloban city while the second later surrendered. The suspects were armed with a .38 revolver and a 9mm pistol, the latter of which belongs to a policewoman who is one of the suspect's relatives and is now in custody. Gun violence is not uncommon in the Philippines, but school shootings are extremely rare.
(BBC News Web Page: 22/06/26, FARUK)

**CHINA'S IMPORT OF CUSTARD APPLES IS SPARKING FEARS IN TAIWAN**

A scaly, heart-shaped fruit could become the latest cause of friction between China and Taiwan, as the latter warned farmers against Beijing's plan to step up imports of the crop. The atemoya, a hybrid of different custard apple species with creamy white flesh encased in a rough green exterior, is a speciality of Taiwan's Taitung county. China, a key importer of Taiwanese atemoyas, pledged to buy more of the fruit earlier this month. But a press release by Taiwan's agriculture ministry on Saturday claimed this was a "classic example of China's raise, trap, kill process", by which Beijing creates reliance before leaving farmers exposed to market changes. Beijing claims the self-governed island of Taiwan as its territory and has not ruled out taking it by force. In recent years it has stepped up military drills near Taiwan, including simulating blockades on the island. (BBC News Web Page: 22/06/26, FARUK)

**ETHIOPIA PM'S PARTY WINS LANDSLIDE AS FEARS GROW OF NEW CONFLICT**

Ethiopian Prime Minister Abiy Ahmed is the big winner following the country's general election as his party has retained its overwhelming parliamentary majority, despite the poll being overshadowed by conflict, accusations of repression and little participating by opposition parties. The Prosperity Party, which won 438 of the 501 contested seats, will from the new government with Abiy set to be sworn in for another term at the beginning of October. It is a boon for Abiy's supporters , who believe he will continue with the economic gains he has overseen. But others fear the internal divisions and security challenges facing Africa's second most-populous country are only going to get worse with Abiy at the helm. Just a year later he won the Nobel Peace Prize, mainly for his efforts in ending hostilities with Ethiopia's northern neighbour Eritrea. (BBC News Web Page: 22/06/26, FARUK)

**FORMER KENYAN JUSTICE MINISTER BLOCKED FROM ENTERING UGANDA: LAWYERS BODY**

Leading Kenyan lawyer and former Justice Minister Martha Karua has been blocked from entering Uganda and ordered to return home, according to the Uganda Law Society. Karua had just arrived at the Entebbe airport to join a team defending her Ugandan lawyer colleague Erias Lukwago, with whom they have been representing detained opposition leader Kizza Besigye, who is on trial for treason. Lukwago was himself charged with a treason-related offence last week, and his bail hearing had been due on Monday. A statement from Karua's office said she had been detained at the airport, adding that she was expected to return to the Kenyan capital, Nairobi, on Monday but "remains incommunicado".
(BBC News Web Page: 22/06/26, FARUK)

## :: THE END ::